→ লিন্ডে বাংলাদেশ লিমিটেড

THE LINDE GROUP

Linde

বার্ষিক প্রতিবেদন ২০১১

কোম্পানীর দর্শন

বাংলাদেশের যেসব ব্যবসায়িক খাতে আমরা নিয়োজিত, সেসব খাতে আমরা নেতৃস্থানীয় হিসেবে স্বীকৃত হবো ।

ক্রমাগত উদ্ভাবন,পরিচালন দক্ষতা, ব্যয় যথার্থতা ও আমাদের কর্মীদের প্রতিভার মাধ্যমে সর্বাত্মক প্রচেষ্টার দ্বারা গ্রাহকদের সন্তুষ্টি বিধানের উপর আমাদের সাফল্য প্রতিষ্ঠিত হবে ।

আমরা সর্বদাই আমাদের কাজে সততা ও দায়িত্ববোধের উচ্চমান প্রয়োগ করবো ।

সূচীপত্র

০৬২ কোম্পানীর দর্শন

০৬৪ আর্থিক ইতিবৃত্ত
০৬৫ এক নজরে সারা বছর এবং মূল্য সংযোজিত বিবরণ
০৬৬ বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি
০৬৭ পরিচালকমন্ডলী
০৭০ সভাপতির বিবৃতি
০৭৫ পরিচালকমন্ডলীর প্রতিবেদন
০৭৭ কমিটিসমূহ

০৮২ শেয়ারহোল্ডারদের প্রতি অডিটরদের প্রতিবেদন

০৮৩ আর্থিক অবস্থার বিবরণ
০৮৪ কমপ্রিহেনসিভ আয়ের বিবরণ
০৮৫ ইক্যুইটি পরিবর্তনের বিবরণ
০৮৬ নগদ অর্থ প্রবাহের বিবরণ
০৮৭ কনসলিডেটেড আর্থিক অবস্থার বিবরণ
০৮৮ কনসলিডেটেড কমপ্রিহেনসিভ আয়ের বিবরণ
০৮৯ কনসলিডেটেড ইক্যুইটি পরিবর্তনের বিবরণ
০৯০ কনসলিডেটেড নগদ অর্থ প্রবাহের বিবরণ
০৯১ হিসাবের টীকাসমূহ

১১৪ কোম্পানীর অবস্থানসমূহ
১১৫ লিন্ডে বাংলাদেশের সাইটস্
১১৬ কোম্পানীর পণ্যসামগ্রী ও সেবাসমূহ

আর্থিক ইতিবৃত্ত

		২০০৭	২০০৮	২০০৯	২০১০	২০১১
রেভিনিউ	টাকা'০০০	২,০০০,১৭২	২,৪৯৮,৫৮৩	২,৭৪২,৮১৭	৩,১৯৯,৩৭৫	৩,৭২৯,৭৫৪
কর-পূর্ব মুনাফা	"	৩৫০,১৫৫	৪৫৭,৭৪০	৭৭২,৬১১	৯০৩,২৫৬	৯৪০,১৩৬
কর বরাদ্দ	"	৮৯,১৭১	১১৬,১০৬	১৮১,৯৭২	২৪১,৩২০	২৩০,৫৮৪
বিলম্বিত কর	"	-২,৬৬৭	-১৭,৭০৮	-১৯,২৩১	-৬,১৩২	২৮,০৩৭
আয়	"	২৬৩,৬৫১	৩৫৯,৩৪২	৬০৯,৮৭০	৬৬৮,০৬৮	৬৮১,৫১৫
প্রস্তাবিত লভ্যাংশ	"	১০৬,৫২৮	১১৭,১৮১	১১৭,১৮১	১৫২,১৮৩	১৫২,১৮৩
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ প্রদাণ	"	-	১৫২,১৮৩	১৫২,১৮৩	৩৮০,৪৫৭	৩৮০,৪৫৭
সাধারণ সংরক্ষিত তহবিল*	"	১,১৯৫,৯১৪	১,৩১২,৫৪৬	১,৬৬৬,১৭৭	১,৮২৩,১৪১	১,৯৯৩,০৪৮
শেয়ার মূলধন	"	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩
পুনঃমূল্যায়ন বাবদ সংরক্ষণ	"	৪৬,১৮১	৪৬,১৮১	২০,১৭৪	২০,১৭৪	২০,১৭৪
শেয়ারহোল্ডারদের ইক্যুইটি*	"	১,৩৯৪,২৭৮	১,৫১০,৯১০	১,৮৩৮,৫৩৪	১,৯৯৫,৪৯৮	২,১৬৫,৪০৫
নীট স্থায়ী সম্পত্তি	"	১,০০৪,১২১	৯৬১,১৭৮	৯২২,৭৩৫	১,০৪৩,৫৫২	১,২৩৮,৮৩৪
অবচয়	"	১৩৪,৩৮৬	১৩৫,৪৬৬	১৩৬,৩২১	১৩২,৭৬৯	১৩১,৯১৫
শেয়ারপ্রতি আয়	টাকা	১৭.৩২	২৩.৬১	৪০.০৮	৪৩.৯০	৪৪.৭৮
পি ই রেশিও	"	১৯.০০	১১.০০	১২.০০	১৬.০০	১৪.০০
শেয়ারপ্রতি লভ্যাংশ	"	৭.০০	১৭.৭০	১৭.৭০	৩৫.০০	৩৫.০০
লভ্যাংশ	(%)	৭০	১৭৭	১৭৭	৩৫০	৩৫০
শেয়ারপ্রতি নীট সম্পত্তি*	টাকা	৯১.৬২	৯৯.২৮	১২০.৮১	১৩১.১৩	১৪২.২৯
শেয়ারপ্রতি পরিচালনা থেকে নগদ অর্থ প্রবাহ	"	২২.১৬	২৫.১১	৬৮.৪১	৪৫.৪৫	৩৪.৫৭

রেভিনিউ



আয় ও লভ্যাংশ



শেয়ারপ্রতি নীট সম্পত্তি



মূল্য আয়ের অনুপাত*



* উপস্থাপনের পরিবর্তনের জন্য প্রস্তাবিত লভ্যাংশের সমন্বয় সাধন।

এক নজরে সারা বছর

		২০১১	২০১০	এর তুলনায় পরিবর্তন ২০১০
রেভিনিউ	টাকা '০০০	৩,৭২৯,৭৫৪	৩,১৯৯,৩৭৫	১৬.৫৮%
কর-পূর্ব মুনাফা	"	৯৪০,১৩৬	৯০৩,২৫৬	৪.০৮%
আয়	"	৬৮১,৫১৫	৬৬৮,০৬৮	২.০১%
শেয়ারপ্রতি আয়	টাকা	৪৪.৭৮	৪৩.৯০	২.০১%

মূল্য সংযোজিত বিবরণ

	২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের			
		২০১১		২০১০
	টাকা ০০০	%	টাকা ০০০	%
মূল্য সংযোজন				
রেভিনিউ	৩,৭২৯,৭৫৪		৩,১৯৯,৩৭৫	
মালামাল ক্রয় এবং সেবাসমূহ	(২,১৪৩,৩৮৮)		(১,৭০৯,৬৩৮)	
	১,৫৮৬,৩৬৬		**১,৪৮৯,৭৩৭**	
অন্যান্য আয় ব্যাংকজমা বাবদ সুদসহ	৭৭,০৪৬		৮২,৯৪৬	
বিতরণযোগ্য	**১,৬৬৩,৪১২**	**১০০**	**১,৫৭২,৬৮৩**	**১০০**
বিতরণ				
কর্মচারীবৃন্দকে-পারিশ্রমিক ও সুযোগ সুবিধা বাবদ	৪৩৮,৬৯৯	২৭	৪২১,২২৩	২৭
মূলধন সরবরাহকারীদেরকেঃ				
(ক) ঋণের উপর সুদ	৬,৩২১	-	১,৩৯৩	-
(খ) প্রস্তাবিত অন্তর্বর্তীকালীন ও চূড়ান্ত লভ্যাংশ	৫৩২,৬৪০	৩২	৫৩২,৬৪০	৩৪
সরকারকে কর, শুল্ক এবং অধিকর বাবদ	৪০৪,৯৬২	২৪	৩৪৯,২৩০	২২
পুনঃবিনিয়োগ এবং প্রবৃদ্ধির জন্য রক্ষিতঃ				
(ক) অবচয়	১৩১,৯১৫	৮	১৩২,৭৬৯	৮
(খ) সাধারণ সংরক্ষণ	১৪৮,৮৭৫	৯	১৩৫,৪২৮	৯
	১,৬৬৩,৪১২	**১০০**	**১,৫৭২,৬৮৩**	**১০০**

বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর ৩৯তম বার্ষিক সাধারণ সভা আগামী ১০ই মে ২০১২, রোজ বৃহস্পতিবার, সকাল ১০টা ৩০ মিনিটে অফিসার্স ক্লাব, ২৬ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০-এ অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপঃ

১. ৩১শে ডিসেম্বর ২০১১ সমাপ্ত বছরের হিসাব, অডিটরদের এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
২. ৩১শে ডিসেম্বর ২০১১ সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।
৩. পরিচালক নির্বাচন।
৪. অডিটরদের নিয়োগদান ও পারিশ্রমিক নির্ধারণ।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

এম নাজমুল হোসেন
কোম্পানী সচিব
০৮ই মার্চ ২০১২

রেজিষ্ট্রিকৃত কার্যালয়
কর্পোরেট অফিস
২৮৫ তেজগাঁও শি/এ
ঢাকা-১২০৮

টীকাঃ

১. যে সকল শেয়ারহোল্ডারগণের নাম রেকর্ড ডেট ২০ মার্চ ২০১২ পর্যন্ত কোম্পানীর সদস্য বহি কিংবা ডিপজিটরী বহিতে বৈধভাবে থাকবে তাদের হস্তান্তরিত শেয়ারসমূহের জন্য উক্ত শেয়ার গ্রহীতা সাধারণ সভায় যোগদানের এবং লভ্যাংশ লাভের যোগ্য বলে বিবেচিত হবেন।
২. বার্ষিক সাধারণ সভায় যোগদানের যোগ্য সদস্য তার পক্ষে সভায় যোগদান ও ভোট প্রদানের জন্য একজন প্রক্সি নিয়োগ করতে পারবেন। নিজ অধিকারে সভায় যোগদান ও ভোট প্রদানে সক্ষম না হলে কোন ব্যক্তি প্রক্সি হিসেবে কাজ করতে পারবেন না।
৩. যথাযথভাবে পূরণকৃত প্রক্সি ফর্‌ম অবশ্যই ০৭ই মে ২০১২, সোমবার সকাল ১০টা ৩০ মিনিটের মধ্যে কোম্পানীর রেজিষ্ট্রিকৃত কার্যালয়ে জমা দিতে হবে, অন্যথায় তা বৈধ বলে বিবেচিত হবে না।

সচিব
এম নাজমুল হোসেন

রেজিষ্ট্রিকৃত কার্যালয়
কর্পোরেট অফিস
২৮৫ তেজগাঁও শি/এ
ঢাকা-১২০৮

অডিটর
রহমান রহমান হক

ব্যাংকসমূহঃ
দি হংকং সাংহাই ব্যাংকিং কর্পোঃ লিঃ
স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক লিঃ
সোনালী ব্যাংক লিঃ

আইন উপদেষ্টা
হক এ্যান্ড কোম্পানী
সৈয়দ ইসতিয়াক আহমেদ্
এ্যান্ড এসোসিয়েটস

পরিচালকমন্ডলী

আইয়ুব কাদরি
২০১১ সাল হতে চেয়ারম্যান।

জনাব আইয়ুব কাদরি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ইংরেজীতে এম,এ এবং যুক্তরাষ্ট্রের কানেকটিকাট বিশ্ববিদ্যালয় হতে পাবলিক এ্যাফেয়ার্সে-স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। জনাব কাদরি পাকিস্তান ও বাংলাদেশ-এর প্রশাসনিক একাডেমিতে ব্যাপক প্রশিক্ষণ ছাড়াও সিঙ্গাপুর বিশ্ববিদ্যালয়, আই,এল,ও ইনিষ্টিটিউট জেনেভা, জাতিসংঘ ইনিষ্টিটিউট জাপান, দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক কেন্দ্র ফিলিপাইনে, ইনিষ্টিটিউট অব পাবলিক সার্ভিস এবং ইউ,এস,এ,সহ বহু আন্তর্জাতিক প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করেন।

জনাব কাদরি ১৯৬৯ সালে পাকিস্তানের সিভিল সার্ভিসে কর্মময় জীবন শুরু করে বাংলাদেশ সরকারের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন; এর মধ্যে তিনি বিভিন্ন মন্ত্রনালয়ে স্থায়ী পদে সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। দায়িত্বপ্রাপ্ত মন্ত্রনালয় গুলো হলোঃ শিল্প, পানি সম্পদ, অর্থনৈতিক সম্পর্ক, খাদ্য, মৎস্য ও পশুপালন, কৃষি ও পল্লী উন্নয়ন। তিনি বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন (BCIC) এর সভাপতি এবং পল্লী উন্নয়ন বোর্ডের (BRDB) মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব কাদরি ২০০৫ সালে সরকারী চাকুরী হতে অবসর নেন। ২০০৭ সালের জানুয়ারী মাস হতে তিনি কেয়ার টেকার সরকারের উপদেষ্টার দায়িত্বে ছিলেন। তিনি শিক্ষা ও সাংস্কৃতিক মন্ত্রনালয়ের দায়িত্বে ছিলেন। তিনি একই বছরের ডিসেম্বর মাসে পদত্যাগ করেন।

জনাব কাদরি বহু সরকারী, ব্যক্তিমালিকানাধীন ও যৌথ-মালিকানাধীন কোম্পানী-এর বোর্ডের সদস্য হিসেবে ভূমিকা রাখেন। তাছাড়া তিনি বেসিক ব্যাংক লিঃ, কর্ণফুলী ফার্টিলাইজার কোং (KAFCO), ইন্ডাষ্ট্রিয়াল প্রমোশন এন্ড ডিভেলাপমেন্ট কোং (IPDC) এবং বাংলাদেশ ইনিষ্টিটিউট অব ম্যানেজমেন্ট (BIM)-এর বোর্ডের সভাপতি ছিলেন। তিনি ২০০৮ সালে লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর পরিচালকমন্ডলীতে যোগদান করেন।

ইরফান এস মতিন
২০১১ সাল হতে ব্যবস্থাপনা পরিচালক।

জনাব ইরফান শিহাবুল মতিন একজন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার। তিনি বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি (বুয়েট), থেকে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ গ্র্যাজুয়েশন করেন। ১৯৮০ সাল থেকে তিনি বিওসিতে তাঁর কর্মজীবন শুরু করেন। জনাব মতিন কোম্পানীতে কর্মকালীন সময় বিভিন্ন গুরত্বপূর্ন উচ্চ পদে দায়িত্ব পালন করেন যার বেশীর ভাগটাই ছিল মার্কেটিং, বিক্রয়, কাস্টমার সার্ভিসেস, প্রকিউরমেন্ট, ডিস্ট্রিবিউশনস, কাস্টমার ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, ওয়েল্ডিং-অপারেশনস এবং প্রজেক্টস। তিনি ২০০৮ সালে লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর পরিচালকমন্ডলীতে যোগদান করেন।

তিনি বাংলাদেশ ইঞ্জিনিয়ারস ইনষ্টিটিশন, ঢাকা-এর একজন আজীবন সদস্য।

বার্ণড হুগো ইউলিজ
২০১২ সালের মার্চ মাসে পরিচালকমন্ডলীতে যোগদান করেন।

জনাব বার্ণড হুগো ইউলিজ সিঙ্গাপুরস্থ দক্ষিণ ও পূর্ব এশিয়া ভিত্তিক আঞ্চলিক ব্যবসায়ের ইউনিট হেড হিসেবে লিন্ডে গ্রুপ কর্তৃক নতুন মনোনয়ন প্রাপ্ত। তিনি এশিয়ার যে ১১টি দেশে লিন্ডে কোম্পানির দ্রুত বর্ধিষ্ণু ব্যবসায় দেখাশোনা করেন সেগুলো হলঃ বাংলাদেশ, ভারত, ইন্দোনেশিয়া, কোরিয়া, মালয়েশিয়া, পাকিস্তান, ফিলিপাইন, সিঙ্গাপুর, শ্রীলংকা, থাইল্যান্ড ও ভিয়েতনাম।

জনাব বার্ণড জার্মানীর কার্লশ্রুহে (karlsruhe) বিশ্ববিদ্যালয় হতে প্রসেস ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেছেন। তিনি ২০০৪ সালে জার্মানীস্থ লিন্ডে এজি কোম্পানিতে পূর্ব রিজিওনের হেড অব সেলস হিসেবে যোগদান করেন; সেখানে তিনি পূর্ব জার্মান অঞ্চলে বিক্রয় এবং এ্যাপ্লিকেশনস টেকনোলজির দায়িত্বে ছিলেন। লিন্ডে এজি কোম্পানিতে তার চার বছর কার্যকালে তিনি পূর্ব জার্মানীতে ব্যবসায়ের উল্লেখযোগ্য প্রবৃদ্ধি সাধন করেন এবং লিন্ডে গ্রুপের জন্য ব্যাপক আকারের প্রকল্পসমূহে দায়িত্ব পালন করেন।

২০০৮ সালের এপ্রিলে বার্ণড প্যান গ্যাস এজি নামক সুইজারল্যান্ডস্থ লিন্ডে গ্রুপের একটি ইউনিটের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ লাভ করেন। ৩৩০ জন কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে গঠিত প্যান গ্যাস কোম্পানি শিল্প গ্যাস এবং স্বাস্থ্যসেবা খাতে সুইজারল্যান্ডের শীর্ষস্থানীয় কোম্পানি।

২০১১ সালের অক্টোবরে বার্ণড দক্ষিণ ও পূর্ব এশিয়া অঞ্চলে রিজিওনাল বিজনেজ ইউনিট হেড হিসেবে তার নতুন নিয়োগে যোগদান করার জন্য সিঙ্গাপুর গমন করেন।

লিন্ডে কোম্পানিতে তার কর্মজীবন শুরু হবার পূর্বে বার্ণড জার্মানীতে গ্যাস শিল্প কারখানায় সেলস ইঞ্জিনিয়ার হিসেবে ও লজিস্টিক দায়িত্বে চার বছর অতিবাহিত করেন এবং আরো চার বছর জার্মানী, ইউকে এবং ফ্রান্সে এ.টি. কেয়ার্নে (AT Kearney) কোম্পানিতে কনসাল্টিং কাজের দায়িত্ব পালন করেন। কনসাল্টিং ফার্মটিতে তিনি গুরুত্বপূর্ণ ক্লায়েন্টদের সাথে নির্মাণ, রিসাইক্লিং, টেলিকমিউনিকেশন এবং কেমিক্যাল খাতসমূহের বিভিন্ন প্রকল্পে কাজ করেন।

অধিকন্তু, তিনি নিম্নলিখিত কোম্পানির বোর্ডের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেনঃ লিন্ডে গ্যাস এশিয়া প্রাইভেট লিমিটেড, লিন্ডে গ্যাস সিঙ্গাপুর প্রাইভেট লিমিটেড, লিন্ডে মালয়েশিয়া হোল্ডিংস বিএইচডি, লিন্ডে পাকিস্তান লিমিটেড।

ডেজাইরি বাচের
২০১২ সালের মার্চ মাসে পরিচালকমন্ডলীতে যোগদান করেন।

মিস ডেজাইরি বাচের লিন্ডে গ্রুপের একটি সহযোগী সংস্থা, লিন্ডে গ্যাস এশিয়া প্রাইভেট লিমিটেডের দক্ষিণ ও পূর্ব এশিয়া অঞ্চলের ফিন্যান্স এন্ড কন্ট্রোল বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি পশ্চিমে পাকিস্তান হতে শুরু করে পূর্বে দক্ষিণ কোরিয়া অবধি ১১টি দেশব্যাপী প্রসারিত লিন্ডে গ্রুপের ব্যবসায়ের ফিন্যান্স এন্ড কন্ট্রোল বিষয়ক কার্যক্রম দেখাশোনা করেন। সিঙ্গাপুরস্থ আঞ্চলিক সদর দপ্তরে তার কার্যালয় অবস্থিত।

মিস বাচের ১২ বছরেরও অধিককাল লিন্ডে গ্রুপের সাথে কর্মরত। তিনি ১৯৯৯ সালের অগাস্ট মাসে লিন্ডে ফিলিপাইনস কোম্পানিতে ফিন্যান্স কার্যক্রম বিভাগে প্রথমে ফিন্যান্সিয়াল কন্ট্রোলার হিসেবে যোগদান করেন। তারপর তিনি কমার্শিয়াল ম্যানেজারের দায়িত্ব গ্রহণ করেন এবং ২০০১ সালে ফিন্যান্স বিভাগের জেনারেল ম্যানেজার হন। ২০০৩ সালে তিনি এশিয়া অঞ্চলের সার্ভিস কোয়ালিটি ম্যানেজার হিসেবে আঞ্চলিক দায়িত্ব পালন করার লক্ষ্যে ফিলিপাইন হতে সিঙ্গাপুরে চলে আসেন; সেখানে তিনি সারবেইন্স অক্সলের ফিন্যান্স অর্গানাইজেশন ডেভেলপমেন্ট-এর পাশাপাশি উত্তর ও দক্ষিণ পূর্ব এশিয়া অঞ্চলের অন্যান্য বিভিন্ন প্রকল্পে দায়িত্ব পালন করেন। ২০০৬ সালে দ্যা বিওসি গ্রুপ এবং লিন্ডে এজি একীভূত হয়ে দ্যা লিন্ডে গ্রুপ গঠিত হওয়ার পরিপ্রেক্ষিতে মিস বাচের দক্ষিণ ও পূর্ব এশিয়া অঞ্চলের এ্যাকাউন্টিং এন্ড রিপোর্টিং ডাইরেক্টর-এর দায়িত্ব গ্রহণ করেন। ২০১০ সালে তিনি পুনরায় ফিলিপাইনস্থ কার্যালয়ে যোগদান করেন। সেখানে তিনি দক্ষিণ ও পূর্ব এশিয়ার জন্য এ্যাকাউন্টিং সেন্টার অব এক্সেলেন্সের প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং ঐ অঞ্চলের শেয়ার্ড সার্ভিস সেন্টারের ধারণা বাস্তবায়নের ভূমিকা রাখেন। ২০১১ সালের সেপ্টেম্বরে তিনি তার বর্তমান পদে নিয়োগ লাভ করেন এবং বর্তমানে সিঙ্গাপুরে তার কার্যালয় অবস্থিত।

মিস বাচের ম্যানিলাস্থ সেইন্ট স্কলাস্টিকাজ কলেজের মেগনা কাম লড (Magna cum Laude) হতে এ্যাকাউন্ট্যান্সিতে ব্যাচেলার অব সায়েন্স ডিগ্রি অর্জন করেন। তিনি ফিলিপাইনের একজন সার্টিফাইড পাবলিক এ্যাকাউন্ট্যান্ট।

শ্রিকুমার মেনন
২০১২ সালের মার্চ মাসে পরিচালকমন্ডলীতে যোগদান করেন।

জনাব শ্রিকুমার মেনন লিন্ডে গ্রুপের সদস্য কোম্পানি বিওসি ইন্ডিয়া লিমিটেড-এর কান্ট্রি হেড ও ম্যানেজিং ডাইরেক্টর হিসেবে কর্মরত। তিনি ভারত, বাংলাদেশ এবং শ্রীলংকায় ব্যবসায়ের ক্লাস্টার হেড হিসেবেও দায়িত্ব পালন করছেন।

তিনি হেড অব ফিন্যান্স হিসেবে ২০০১ সালে বিওসি ইন্ডিয়া লিমিটেড-এ যোগদান করেন এবং ঐ বছরই কোম্পানির ফিন্যান্স ডাইরেক্টর হন। ২০০৮ সালে জনাব মেনন বিওসি ইন্ডিয়া লিমিটেড-এর ম্যানেজিং ডাইরেক্টার হিসেবে নিয়োগ লাভ করেন এবং ২০১২ সালের জানুয়ারীতে ভারত, বাংলাদেশ ও শ্রীলংকার ক্লাস্টার হেড হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তিনি শ্রীলংকাস্থ কলম্বোতে শীলন অক্সিজেন কোম্পানি লিমিটেডের পাশাপাশি ভারতস্থ কোলকাতা ভিত্তিক লিন্ডে গ্লোবাল সাপোর্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড-এর পরিচালকমণ্ডলীর সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

নয়াদিল্লির মাথুরা রোডে অবস্থিত দিল্লি পাবলিক স্কুল হতে পড়াশোনা শেষ করে তিনি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীন হিন্দু কলেজ হতে ব্যাচেলর অব কমার্স-এ অনার্স ডিগ্রী অর্জন করেন।

জনাব মেনন ইনস্টিটিউট অব চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া হতে চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট হিসেবে উত্তীর্ণ হন এবং ১৯৭৮ সালে বালমের লোরি এন্ড কোম্পানিতে ফিন্যান্স এক্সিকিউটিভ হিসেবে তার কর্মজীবন শুরু করেন। তারপর হতে তিনি বেশ কতগুলো বড় মাপের ইন্ডিয়ান কর্পোরেশনে বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। ২০০১ সালে বিওসি ইন্ডিয়াতে যোগদানের পূর্বে জনাব মেনন পিডিলাইট ইন্ড্রাস্ট্রিজ লিমিটেডের ফিন্যান্স বিভাগের ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব মেনন বেশ কতগুলো ব্যবসায়িক, পেশাদার ও সামাজিক সংস্থার কমিটির মেম্বার হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ইন্দো-জার্মান চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাস্ট্রির একজন কাউন্সিল মেম্বার এবং গ্যাস ইন্ড্রাস্ট্রিজ এসোসিয়েশন অব ইন্ডিয়ার একজন সাবেক প্রেসিডেন্ট ও কমিটি মেম্বার।

মোঃ ফায়েকুজ্জামান
২০১০ সাল হতে পরিচালক।

জনাব মোঃ ফায়েকুজ্জামান বাংলাদেশ বিনিয়োগ কর্পোরেশন (ICB)-এর ব্যবস্থাপনা পরিচালক এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট-এর সভাপতি।

তিনি বাংলাদেশ ইনিষ্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (BICM) - এর পরিচালনা পর্ষদের সদস্যও। স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, ইন্ডাসট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভোলপমেন্ট ফাইন্যান্স কোঃ লিঃ (IIDFC), বাংলাদেশ ডেভোলপমেন্ট ব্যাংক লিঃ (BDBL), ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোঃ লিঃ (BATBC), গ্ল্যাক্সো স্মীথক্লাইন বাংলাদেশ লিঃ, রেনেটা লিঃ, এডভান্সড কেমিক্যাল ইন্ডাসট্রিস লিঃ (ACI), ন্যাশনাল টি কোঃ লিঃ (NTC), সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিঃ (CDBL), ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিঃ (DSE), দি ইনষ্টিটিউট অব ব্যাংকারস বাংলাদেশ, ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ লিঃ (CRAB), ক্রেডিট রেটিং ইনফরমেশন এ্যান্ড সার্ভিসেস লিঃ (CRISL) এবং এপেক্স ট্যানারী লিঃ-এর পরিচালক।

জনাব মোঃ ফায়েকুজ্জামান ১৯৫৩ সালে জন্ম গ্রহণ করেন, তিনি স্নাতক (সম্মান) এবং ব্যবস্থাপনাতে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। তিনি যুক্তরাজ্যের ব্রাডফোর্ড-এর ব্রাডফোর্ড বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অর্থনীতি ইনষ্টিটিউটশন হতে ইনভেস্টমেন্ট প্ল্যানিং, এপ্রাইজাল এবং ম্যানেজমেন্ট-এ পোস্ট গ্রাজুয়েশন করেছেন। জনাব জামানের ৩৪ বছরের কাজের অভিজ্ঞতা রয়েছে তারমধ্যে বানিজ্যিক ও বিনিয়োগ ব্যাংকিং-এ ২৬ বছরের। তিনি বর্তমান কর্মস্থলে আসার পূর্বে ২০০৭ সাল হতে অগ্রণী ব্যাংক লিঃ-এর উপ ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্বে ছিলেন। তিনি তার পূর্বে বাংলাদেশ বিনিয়োগ কর্পোরেশন (ICB)-এর মহা ব্যবস্থাপক ছিলেন।

লতিফুর রহমান
২০০৬ সাল হতে পরিচালক।

জনাব লতিফুর রহমান ট্রান্সকম গ্রুপের চেয়ারম্যান এবং সিইও যার বাৎসরিক বিক্রয় প্রায় ৩০ বিলিয়ন টাকা এবং কর্মরত এমপ্লয়ীদের সংখ্যা ১০,০০০-এর বেশী। ১৮৮৫ সালে চা গাছ রোপনের মাধ্যমে এই গ্রুপের উদ্ভব ঘটে।

এই গ্রুপের অধীন কোম্পানীসমূহ পানীয়, ইলেক্ট্রনিক্স, ফার্মাসিউটিক্যাল দ্রব্যাদি,ফাস্ট ফুড, পরিবেশন, প্রিন্টেড মিডিয়া এবং চায়ের ব্যবসায় পরিচালনা করে এবং এ গ্রুপের কোম্পানীসমূহ হলো ট্রান্সকম বেভারেজ লিঃ, ট্রান্সকম ইলেক্ট্রনিক্স লিঃ, এসকেএফ বাংলাদেশ লিঃ, ট্রান্সকম ফুডস লিঃ, ট্রান্সকম ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, মিডিয়াস্টার লিঃ, মিডিয়াওয়ার্ল্ড লিঃ এবং টী হোল্ডিংস লিমিটেড। গ্রুপ রিলায়েন্স ইনসিওরেন্স লিঃ এবং ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এ্যান্ড ইনভেষ্টমেন্টস লিঃ-এর বেশীরভাগ স্টেকহোল্ডারের অধিকারী।

তিনি নেসলে বাংলাদেশ লিঃ, হোলসিম বাংলাদেশ লিঃ এবং ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এ্যান্ড ইনভেষ্টমেন্টস লিঃ-এর চেয়ারম্যান।

জনাব রহমান বর্তমানে ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স, বাংলাদেশ-এর ভাইস প্রেসিডেন্ট ।

তিনি মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ড্রাষ্ট্রি, ঢাকা, ও বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন-এর প্রেসিডেন্ট ছিলেন এবং ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাস্ট্রি (এফবিসিসিআই), বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন এবং বাংলাদেশ টী এসোসিয়েশন-এর এক্সিকিউটিভ কমিটির সদস্য ছিলেন।

জনাব লতিফুর রহমান সরকারের অর্থ এবং বাণিজ্য নীতিমালা গঠনকারী বিভিন্ন কমিটিতে দায়িত্ব পালন করেন। তিনি ট্রেড বডি রিফর্মস কমিটি-এর চেয়ারম্যান, বাংলাদেশ বেটার বিজনেস ফোরাম, ডব্লিউটিও-এর এ্যাডভাইজারী কমিটি, এক্সপোর্ট প্রমোশন-এর ন্যাশনাল কমিটি এবং জুট-এর কনসাল্টেটিভ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ ব্যাংক (কেন্দ্রীয় ব্যাংক)-এর এক্সিকিউটিভ বোর্ডের সদস্য ছিলেন।

পারভীন মাহমুদ
২০১১ সালের মে মাসে পরিচালকমন্ডলীতে যোগদান করেন।

মিস পারভীন মাহমুদ ২০১১ সালে পরিচালকমণ্ডলীতে যোগদান করেন এবং বর্তমানে নিরীক্ষা কমিটির চেয়ারম্যানের দায়িত্বে রয়েছেন। তিনি বিওসি বাংলাদেশের পরিচালকমণ্ডলীতে যোগদানকারী প্রথম মহিলা সদস্য।

বাংলাদেশ ও ইউকেতে শিক্ষা গ্রহণকারী মিস মাহমুদ তার বৈচিত্র্যময় কর্মজীবনের গুরুত্বপূর্ণ সময় বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার সাথে কাজ করেছেন এবং একজন পেশাদার চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট ছিলেন। মিস মাহমুদ পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর উপ-ব্যবস্থাপক পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। পিকেএসএফ কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে শীর্ষস্থানীয় তহবিল যোগানদারী প্রতিষ্ঠান, যেখানে সামাজিক, অর্থনৈতিক ও জেন্ডার শক্তিশালীকরণের জন্য ক্ষুদ্র ঋণ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

মিস পারভীন মাহমুদ ACNABIN চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস-এর অংশীদার। তিনি ইনস্টিটিউট অব চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)-এর প্রথম মহিলা কাউন্সিল মেম্বার (২০০৭-২০০৯ এবং ২০১০-২০১৩ কাউন্সিল) তিনি ২০১১ সালের জন্য ইনস্টিটিউট অব চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)-এর প্রথম মহিলা প্রেসিডেন্ট মনোনীত হন। তিনি সার্কের শীর্ষস্থানীয় এ্যাকাউন্টিং পেশাদারী সংস্থা সাউথ এশিয়ান ফেডারেশন অব এ্যাকাউন্ট্যান্টস (এসএএফএ)-এর পরিচালকমণ্ডলীর প্রথম মহিলা সদস্য।

তিনি কনসালটেটিভ গ্রুপ অব সোশ্যাল ইন্ডিকেটরস, UNCTAD/ ISAR-এর একজন ওয়ার্কিং গ্রুপ মেম্বার। তিনি এসএমই ডেভেলপমেন্ট অব বাংলাদেশের ন্যাশনাল অ্যাডভাইজরি প্যানেলের একজন সদস্য ছিলেন এসএমই ফাউন্ডেশনের একজন প্রতিষ্ঠাতা সদস্যও ছিলেন পাশাপাশি তিনি এসএমই উইমেন্স ফোরামের একজন কনভেনর ছিলেন।

তার বিশেষ আগ্রহের ক্ষেত্র হল, সুশাসন ও নারীর ক্ষমতায়ন উৎসাহিত করার মাধ্যমে টেকসই প্রবৃদ্ধির সহায়ক দারিদ্র বিমোচন উদ্যোগসমূহ জোরালো করার লক্ষ্যে অনুকূল পরিবেশ সৃষ্টি করা।

মিস মাহমুদ বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচালকমণ্ডলীতে দায়িত্ব পালন করেন। এর মধ্যে রয়েছে ব্র্যাক, এ্যাকশন এইড ইন্টারন্যাশনাল বাংলাদেশ, মাইডাস, মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ)। তিনি আন্ডার প্রিভিলেজড চিলড্রেন এডুকেশনাল প্রোগ্রাম (ইউসিইপি) বাংলাদেশের ভাইস চেয়ারম্যান ছিলেন। এছাড়া এসিড সারভাইভারস ফাউন্ডেশনের চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করেন।

এম নাজমুল হোসেন
২০১১ সাল হতে পরিচালক।

জনাব এম নাজমুল হোসেন পেশায় একজন চার্টার্ড একাউন্ট্যান্ট এবং শিল্প কারখানাতে তাঁর বহু বছরের কাজের অভিজ্ঞতা রয়েছে। তিনি ১৯৮২ সালে কোম্পানীতে যোগদান করেন এবং কোম্পানীতে পরিচালকমন্ডলীর সদস্য নিযুক্ত হবার পূর্বে বিভিন্ন উচ্চপদে দায়িত্ব পালন করেন। তিনি কোম্পানী সচিবের দায়িত্বও পালন করছেন।

তিনি বাংলাদেশ ইনষ্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস-এর একজন সদস্য।

সভাপতির বিবৃতি

প্রিয় শেয়ারহোল্ডারগণ,

আপনাদের কোম্পানি 'লিন্ডে বাংলাদেশ লিমিটেড'-এর ৩৯তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের স্বাগত জানাতে পেরে আমি নিজেকে সৌভাগ্যবান মনে করছি। আপনাদের স্মরণে রয়েছে যে, বিগত বার্ষিক সাধারণ সভায় আপনারা দু'টো বড় ধরণের ঘটনা প্রত্যক্ষ করেছেন, যার প্রেক্ষিতে আপনাদের কোম্পানির উপর বিরূপ প্রভাব পড়ার সম্ভাবনা ছিল। এর একটি হল জনাব এম সায়েদুজ্জামানের বিদায়, যিনি ২০ বছর আমাদের কোম্পনির সভাপতির দায়িত্ব পালন করেছেন, আর অপরটি হচ্ছে জনাব ওয়ালিউর রহমান ভূঁইয়ার বিদায়, যিনি বহু বছর আমাদের কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্বে ছিলেন। প্রিয় শেয়ারহোল্ডারগণ, নতুন টীমের কাছে আপনাদের প্রত্যাশা ছিল খুব সরল ও স্বাভাবিক ঃ আপনারা চেয়েছিলেন, আমরা আমাদের পূর্ববর্তীদের ভাল কাজকে অব্যাহত রাখি। এরই পরিপ্রেক্ষিতে সদ্য সমাপ্ত হিসাব বছরে বহুবিধ চ্যালেঞ্জের মুখেও আপনাদের কোম্পানির ব্যবসায়ে সন্তোষজনক সাফল্য অর্জন করার জন্য আমি আপনাদের সাথে আমার সুখানুভূতি ভাগাভাগি করতে পেরে আনন্দ বোধ করছি। ব্যবসায়ে সন্তোষজনক ফলাফলের পাশাপাশি প্রবল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পরিবেশের মাঝেও ব্যবসায়িক প্রবৃদ্ধি অব্যাহত রাখতে পারার জন্য আসুন আমরা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অভিনন্দন জানাই।

আপনাদের কোম্পানির নাম পরিবর্তন বিগত বছরের একটি উল্লেখযোগ্য ঘটনা। লিন্ডে গ্রুপের বিশ্বব্যাপী কর্মসূচির অংশ হিসেবে এবং এক্সট্রাঅর্ডিনারি সাধারণ সভায় (EGM) গৃহীত সিদ্ধান্তের আলোকে ২০১১ সালের নভেম্বরে আপনাদের কোম্পানির নাম বিওসি বাংলাদেশ লিমিটেড হতে পরিবর্তিত হয়ে লিন্ডে বাংলাদেশ লিমিটেড হয়েছে। সংশ্লিষ্ট সকলই এ পরিবর্তনকে বেশ ভালভাবে গ্রহণ করেছেন। আপনাদের কোম্পানি এর পুরোপুরি মালিকানাধীন একটি সহযোগী প্রতিষ্ঠান স্থাপন করেছে যা বিওসি বাংলাদেশ লিমিটেড নাম পরিগ্রহ করেছে। প্রধানত কোম্পানিটির সাবেক নামের সাথে যে সুনাম জড়িত রয়েছে তা সংরক্ষণ করার পাশাপাশি আপনাদের কোম্পানির আওতায় একে ধরে রাখা ও একটি গ্রুপ কাঠামোর কার্যক্রমের নমনীয়তা বজায় রাখার লক্ষ্যেও এটি করা হয়েছে।

অভ্যন্তরীণ ও বহিঃস্থ চ্যালেঞ্জ সত্ত্বেও বিগত অর্থবছরে (২০১১ সালে সমাপ্ত) বাংলাদেশের অর্থনীতিতে প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়। আবহাওয়া অনুকূল থাকার পাশাপাশি প্রয়োজনীয় উপকরণ ও সেবার সময়োচিত সরবরাহ, ব্যয়সহনশীল সেচ ব্যবস্থা ও উৎপাদিত পণ্য উচ্চ মূল্যে সংগ্রহের সুবিধাসহ সরকারের তরফ হতে জোরালো সহযোগিতা প্রদানের ফলশ্রুতিতে কৃষিখাতে টানা দ্বিতীয় বছরও প্রভূত প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। প্রস্তুতকৃত পোশাক খাতের ত্বরিৎ প্রবৃদ্ধির ফলে শিল্পখাতে প্রবৃদ্ধি বেড়েছে। বাংলাদেশের নীট ওয়্যার ও ওভেন ফ্রেব্রিকস-এর নতুন বাজার সৃষ্টির পাশাপাশি ইউরোপীয় ইউনিয়নের জেনারালাইজড্ সিস্টেম অব প্রেফারেন্স-এর আওতাধীন মৌলিক নীতিমালা বা রুলস্ অব অরিজিন শিথিল করার ফলে রপ্তানির ত্বরিৎ প্রসারের পথ সুগম হয়। জনগণের আয় বৃদ্ধি ও ব্যাংক ঋণের সহজলভ্যতার ফলে ঘরোয়া বাজারের উপর নির্ভরশীল শিল্পখাতে ব্যবসায় ভাল হয়েছে। বিদেশ হতে প্রেরিত অর্থের পরিমাণ হ্রাস পাওয়ার পাশাপাশি বেশি পরিমাণে খাদ্যশস্য, জ্বালানি, ক্যাপিটাল মেশিনারি বা শিল্প কারখানার যন্ত্রপাতি এবং শিল্পের কাঁচামাল আমদানির ফলে আমদানি খাত বৃদ্ধি পাওয়ায় ব্যালেন্স অব পেমেন্ট চাপের মুখে পড়ে। রাজস্ব বৃদ্ধির পরিমাণ ভাল হলেও বৈদেশিক সহায়তার পরিমাণ ছিল কম।

ইউরোপে ঋণ সংকট অব্যাহত থাকা ও মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনীতি ধীরগতিতে মন্দা কাটিয়ে উঠার পরিপ্রেক্ষিতে রপ্তানির প্রবৃদ্ধি শ্লথ হয়ে যায়; ফলে পঞ্জিকা বছরের দ্বিতীয়ার্ধে অর্থনীতি চাপের মুখে পড়ে। সার্বিক আমদানির পরিমান হ্রাস পেলেও, বিদ্যুৎ স্বল্পতা কাটিয়ে উঠার লক্ষ্যে স্থাপিত ভাড়ায় চালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র পরিচালনার জন্য প্রয়োজনীয় পেট্রোলিয়াম পণ্য আমদানির ফলে আমদানি বাবদ অর্থ পরিশোধের পরিমাণ দ্রুত বৃদ্ধি পায়। বাংলাদেশ হতে অপেক্ষাকৃত বেশি সংখ্যক শ্রমিক দেশের বাইরে কাজ পাওয়ার সুবাদে বিদেশ হতে প্রেরিত অর্থের পরিমাণ বৃদ্ধি পেতে শুরু করে। টাকার অবমূল্যায়নের ফলেও বিদেশ হতে প্রেরিত অর্থের পরিমাণ বৃদ্ধি পায়। খাদ্য ও খাদ্য বহির্ভূত পণ্যের মূল্য বৃদ্ধির পাশাপাশি মুদ্রাস্ফীতির উর্ধ্বমূখীতা বজায় ছিল।

শিল্প-ভিত্তিতে বৈচিত্র্য আনয়ন ও ক্রমবর্ধিষ্ণু শ্রম শক্তির জন্য আরো বেশি জীবিকার সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে নির্মাণখাতের সম্প্রসারণের জন্য বিদ্যুৎ, গ্যাস, সড়ক ও বন্দর সুবিধার স্বল্পতার ফলে সৃষ্ট প্রতিবন্ধকতা দূর করা গুরুত্বপূর্ণ। জ্বালানি নির্ভর ভাড়ায় চালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলো সমস্যার সাময়িক সমাধান দিলেও উৎপাদন সামর্থ্যের উল্লেখযোগ্য বৃদ্ধি এবং প্রেরণ ও বিতরণ সম্প্রসারণের মাধ্যমে বিদ্যুৎ স্বল্পতার অধিকতর দীর্ঘস্থায়ী ও ব্যয়সাশ্রয়ী সমাধান প্রয়োজন। প্রাকৃতিক গ্যাসের স্বল্পতা বড় ধরণের উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছিল; গ্যাস উৎপাদনের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে এই সমস্যার সমাধান করা প্রয়োজন। প্রাকৃতিক গ্যাসের কার্যকর বিকল্প হিসেবে সহজলভ্য, ব্যয় অনুকূল ও পরিশোধিত প্রধান জ্বালানির ব্যবস্থা করার জন্য উদ্যোগ বাড়াতে হবে। সড়ক ও বন্দর সুবিধাসমূহও বৃদ্ধি করতে হবে। প্রযুক্তির প্রসার এবং অর্থনীতির উৎপাদনশীলতা বৃদ্ধি করার লক্ষ্যে আরো বেশি প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ উৎসাহিত করতে হবে।

সামাজিক অর্থনৈতিক স্থিতিশীলতার পাশাপাশি প্রবৃদ্ধির ধারা বজায় রাখার পথে বড় ধরনের বিভিন্ন চ্যালেঞ্জ আবির্ভূত হয়েছে। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা এক্ষেত্রে অগ্রাধিকার পাওয়ার যোগ্য। খাদ্য উৎপাদন বৃদ্ধি পাওয়ার ফলে খাদ্যের মূল্য কিছুটা কমে এলেও খাদ্য-বহির্ভূত পণ্যসমূহের মূল্য অব্যাহতভাবে বৃদ্ধি পাচ্ছে। জ্বালানি ও বিদ্যুৎ খাত বাবদ বড় অংকের ভর্তুকির সাথে সার বাবদ বড় অংকের অর্থ ব্যয়ের কারণে একদিকে যেমন সরকারের বাজেটে টানাপোড়েন সৃষ্টি হয়েছে, তেমনি অপরদিকে এর ফলে ব্যাংক হতে ঋণ গ্রহণের পরিমাণও দ্রুত বৃদ্ধি পেয়েছে। আমদানি খাতের অব্যাহত জোরালো বৃদ্ধি এবং রপ্তানি খাতে শ্লথ প্রবৃদ্ধির ফলশ্রুতিতে বৈদেশিক মুদ্রার সংরক্ষিত তহবিলের উপর চাপ ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। সরবরাহের তুলনায় বৈদেশিক মুদ্রার ক্রমবর্ধিষ্ণু চাহিদার ফলেও মুদ্রার বিনিময় হারের উপর চাপ সৃষ্টি হচ্ছে।

কোম্পানীর ২০শে অক্টোবর ২০১১ অনুষ্ঠিত এক্সট্রাঅর্ডিনারী সাধারন সভায় পরিচালকবৃন্দ

কোম্পানীর ১২মে ২০১১ অনুষ্ঠিত ৩৮তম বার্ষিক সাধারন সভায় পরিচালকবৃন্দ

ব্যবসায়িক পরিবেশ ও আর্থিক সাফল্য

অভ্যন্তরীণ ও বহিঃস্থ চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও অর্থনীতিতে ভাল সাফল্য অর্জনের মাধ্যমে ২০১১ সালের সূচনা হয়েছে। বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা বাংলাদেশের অর্থনীতির উপর তেমন জোরালো বিরূপ প্রভাব ফেলেনি। অন্যান্য দেশগুলোতে অর্থনীতির ক্ষেত্রে যে ধরনের অভিজ্ঞতা হয়েছে তা অপেক্ষা বাংলাদেশের অর্থনৈতিক পরিবেশ ভাল প্রতিভাত হয়েছে। বিদ্যুতের ট্যারিফ ও জ্বালানির মূল্য কিছুটা বৃদ্ধি পায়, যার ফলে শিল্পজাত ও ভোগ্যপণ্যের উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়। অপরদিকে ২০১১ সালের দ্বিতীয়ার্ধে সি এন্ড এফ-এর মূল্য বৃদ্ধি এবং বৈদেশিক মুদ্রা বিনিময় হারের উর্দ্ধমূখী উঠানামার ফলে প্রধান কাঁচামালের আমদানি ব্যয় বেড়ে যাওয়ায় উপরোক্ত নিয়ামকসমূহের বিরূপ প্রভাব আরো বেড়ে যায়। পণ্য উৎপাদন ও শিল্প খাতে উর্ধ্বমূখী প্রবৃদ্ধির ধারা বজায় ছিল। বিগত বছরের তুলনায় কাঁচামালের মূল্য বেশি ছিল। কাঁচামাল ও সেবাসমূহের ব্যয় বৃদ্ধির কারনে মূল্যবৃদ্ধি জনিত ব্যয়ের প্রভাব কাটিয়ে উঠার জন্য আপনাদের কোম্পানি প্রধান পণ্যগুলোর বিক্রয়মূল্য বৃদ্ধি করেছে।

এরূপ পরিস্থিতিতে গত বছরে কোম্পানির আয়ের প্রবৃদ্ধি হয়েছিল ১৭ শতাংশ; এর মধ্যে কোম্পানির কার্যক্রম বাবদ মুনাফা বৃদ্ধি পেয়েছে ৬ শতাংশ এবং কর পরবর্তী মুনাফা বৃদ্ধি পেয়েছে ২ শতাংশ। বাজারে প্রতিযোগিতার চাপ থাকায় বিপণন এবং কার্যক্রম পরিচালনা বাবদ ব্যয়ের উপর মূল্যস্ফীতিজনিত ব্যয়ের প্রভাব মূল্য পুনঃনির্ধারনের মাধ্যমে পুরোপুরিভাবে কাটিয়ে ওঠা যায়নি। কর আইনের পরিবর্তনের কারনে ২০১১ সালে কর বাবদ অধিকতর বেশি মাশুল প্রদান করতে হয়েছে যার ফলে কর পরবর্তী মুনাফা আরো হ্রাস পেয়েছে। ব্যাংকের সুদ হতে প্রাপ্ত অর্থ কোম্পানির আয়কে বৃদ্ধি করেছে।

আলোচ্য বছরের জন্য ২৫০ শতাংশ অন্তর্বর্তীকালীন লভ্যাংশ বাবদ অর্থ পরিশোধের পাশাপাশি প্রধান কাঁচামাল বাবদ ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পাওয়া সত্ত্বেও কোম্পানির তারল্যের সন্তোষজনক অবস্থা বজায় রাখার জন্য উক্ত বছরে চলতি মূলধন ব্যবস্থাপনা বিচক্ষণতার সাথে সম্পন্ন করা হয়েছে। ওয়েল্ডিং ইলেক্ট্রোডের অন্যতম একটি গুরুত্বপূর্ণ উপাদান হল রুটাইল (rutile); নির্মাণ শিল্পে এর ব্যবহারের ফলে বিশ্ববাজারে এই পণ্যটির স্বল্পতা দেখা দিয়েছিল। ভবিষ্যতের ঘাটতি পূরণের লক্ষে পরবর্তী ছয় মাসের চাহিদা বিবেচনা করে আগাম রুটাইল ক্রয় করা হয়েছে। অধিকন্তু, এমএস ওয়্যারের মূল্য বৃদ্ধির প্রত্যাশায় ভবিষ্যত ব্যয় সুবিধার লক্ষে অতিরিক্ত পরিমাণ এমএস ওয়্যার ক্রয় করা হয়। শেয়ারহোল্ডারগণের নিকট লভ্যাংশ বাবদ অর্থ পরিশোধ, ভবিষ্যত ব্যয় সুবিধা পাওয়ার জন্য কাঁচামাল ক্রয় এবং ক্রমবর্ধিষ্ণু ঘরোয়া চাহিদা পূরণ ও প্রতিযোগিতা মোকাবেলা করার লক্ষে বিভিন্ন বড় আকারের প্রকল্পে, বিশেষ করে এএসইউ এবং অন্যান্য সংশ্লিষ্ট শিল্প কারখানায় ভবিষ্যত বিনিয়োগের জন্য সম্পদ সংরক্ষণের মাঝে সমতা বজায় রাখার মাধ্যমে আপনাদের কোম্পানির তারল্য সম্পদের সবচেয়ে বিচক্ষণ ব্যবহার নিশ্চিত করার লক্ষে আপনাদের বোর্ড ক্রমবর্ধিষ্ণু নগদ অর্থের অবস্থা ঘনিষ্টভাবে পরিবীক্ষণ করেছেন।

২০১১ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য পরিচালকবৃন্দ শেয়ার প্রতি ১০ টাকা লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছেন। এতে লভ্যাংশ বাবদ পরিশোধিত টাকার পরিমাণ দাঁড়াবে ১৫২,১৮২,৮০০ টাকা। অতএব শেয়ার প্রতি ২৫ টাকা অন্তর্বর্তীকালীন লভ্যাংশসহ আলোচ্য বছরে লভ্যাংশ বাবদ পরিশোধিত টাকার মোট পরিমাণ দাঁড়াবে ৫৩২,৬৩৯,৮০০ টাকা এবং শতাংশ হিসেবে সামগ্রিক লভ্যাংশ দাঁড়াবে ৩৫০% টাকা। গত বছরেও সমপরিমাণ লভ্যাংশ প্রদান করা হয়েছিল।

ব্যবসায়ের সাফল্য সম্বন্ধে আরো ভাল উপলব্ধির জন্য ব্যবসায় তথ্যসমৃদ্ধ অংশ যেমনঃ বাল্ক, পিজি এন্ড পি (প্যাকেটজাত মালামাল ও পণ্য) এবং হসপিটাল কেয়ার-এ বিস্তারিত আলোচনা করা হয়েছে।

বাল্ক

এই অংশে শিল্পজাত তরল গ্যাসের উপর প্রতিবেদন উপস্থাপন করা হয়। গত বছরের তুলনায় ব্যবসায়ের এই দিকটিতে সাফল্য কিছুটা বৃদ্ধি পেয়েছে। মূলত পরিবেশ সম্পর্কিত বিধি-নিষেধ আরোপের ফলে জাহাজভাঙ্গা শিল্পে অস্থিতিশীলতা অব্যাহত থাকায় ২০১১ সালে তরল অক্সিজেন ব্যবসায় ভাল হয়নি। জাহাজ আমদানির জন্য পরিবেশ অধিদপ্তর হতে অনাপত্তিনামা (NOC) সংগ্রহ করার আবশ্যকতার ফলে বিগত বছরব্যাপী জাহাজভাঙ্গা শিল্পে তরল অক্সিজেনের চাহিদা হ্রাস পায়। জাহাজভাঙ্গা ও জাহাজ রিসাইক্‌ল আইন ২০১১ বিলম্বে প্রকাশিত হওয়ার ফলেও জাহাজভাঙ্গা ব্যবসায়ের উপর বিরূপ প্রভাব পড়ে। স্টেইনলেস স্টীল তৈরি ও ফেব্রিকেশন শিল্পের কার্যক্রম বৃদ্ধি পাওয়ার ফলে ২০১১ সালে আর্গন গ্যাসের বিক্রয় বৃদ্ধি পায়। আলোচ্য বছরে দুটি নতুন কোম্পানির সাথে সরবরাহ চুক্তি স্বাক্ষরের ফলে গত বছরের তুলনায় তরল কার্বন-ডাই-অক্সাইডের বিক্রয় পুনরায় বৃদ্ধি পেয়েছে। প্রাকৃতিক গ্যাস পাইপলাইন পরিশোধনের ফলে আলোচ্য বছরে তরল নাইট্রোজেনের সরবরাহ বৃদ্ধি পায়।

পিজি এন্ড পি (প্যাকেটজাত মালামাল ও পণ্য)

এই অংশে শিল্পজাত কমপ্রেসড গ্যাস ও ওয়েল্ডিং পণ্যের উপর প্রতিবেদন উপস্থাপন করা হয়। গত বছরের তুলনায় এই খাতে ব্যবসায়িক সাফল্য ছিল ২২ শতাংশ বেশি। মাইল্ড স্টীল ইলেক্ট্রোড ছিল ব্যবসায়ের এই খাতের মূল চালিকা শক্তি, যার প্রবৃদ্ধি ছিল গত বছরের তুলনায় ২৬ শতাংশ বেশি। প্রতিযোগিদের হাতে বাজার হারানোর পাশাপাশি গ্রাহকবৃন্দের পছন্দনীয় উচ্চতর ধারণ ক্ষমতাসম্পন্ন সিলিন্ডারের ঘাটতি থাকার ফলে বিগত বছরে কমপ্রেসড শিল্পজাত অক্সিজেন ব্যবসায় ১৪ শতাংশ কম হয়েছিল। জাহাজভাঙ্গা খাতের কার্যক্রম হ্রাস পাওয়ার ফলেও কমপ্রেসড শিল্পজাত অক্সিজেনের ব্যবসায়ের উপর বিরূপ প্রভাব পড়ে। এই খাতে অধিকতর বিক্রয় ধরে রাখার ক্ষেত্রে অন্যান্য শিল্পজাত গ্যাসের বিক্রয় সহায়ক ভূমিকা পালন করে।

শেয়ারহোল্ডারগণ ২০১১ সালে মে মাসে কোম্পানীর ৩৮তম বার্ষিক সাধারণ সভায়

কোম্পানীর ২০শে নভেম্বর ২০১১ অনুষ্ঠিত ব্র্যান্ড লন্স অনুষ্ঠান

হসপিটাল কেয়ার

হসপিটাল কেয়ার ব্যবসায়ের জন্য ২০১১ সাল ছিল একটি খারাপ বছর। মেডিক্যাল অক্সিজেন ও নাইট্রাস অক্সাইড সরবরাহের বাজারে প্রতিযোগিতার কারণে হসপিটাল কেয়ার ব্যবসায়ের উপর বেশ নেতিবাচক প্রভাব ফেলে। চিকিৎসা সরঞ্জামাদি ও সিলিন্ডার ব্যবসায়ে আমাদের প্রত্যাশার চেয়েও কম হয়। অবশ্য, মেডিক্যাল পাইপ লাইনের ব্যবসায়ের পাশাপাশি ব্যক্তিমালিকানাধীন খাতে মেডিক্যাল অক্সিজেনের নতুন গ্রাহক প্রাপ্তি সরকারি চুক্তি হাতছাড়া হওয়ার ফলে উদ্ভূত ক্ষতি কমিয়ে আনায় সহায়ক হয়েছে।

উন্নয়ন

একটি বেশ প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ অর্থনৈতিক পরিবেশে আপনাদের কোম্পানি গত বছরের তুলনায় উল্লেখযোগ্যভাবে সাফল্য অর্জন করেছে। বিভিন্ন গ্যাস প্ল্যান্টের সামর্থ্য ব্যবহার ছিল গত বছরের কাছাকাছি। ওয়েল্ডিং ইলেক্ট্রোড ফ্যাক্টরির তৃতীয় লাইনটি ২০১১ সালের ১৯ মে হতে উৎপাদনে গিয়েছে। ওয়েল্ডিং ইলেক্ট্রোড ফ্যাক্টরি দিনে তিন শিফটে কার্যক্রম পরিচালনা করছে।

আমরা আপনাদেরকে সর্বশেষ যে তথ্য জানাতে চাই তা হল ইলেক্ট্রোড ফ্যাক্টরীর উৎপাদন সামর্থ্য বৃদ্ধি করার লক্ষে রূপগঞ্জে আরেকটি উৎপাদন কেন্দ্র নির্মানাধীন রয়েছে। এর ফলে ইলেক্ট্রোড উৎপাদন সামর্থ্য প্রতি বছর আরো ৭,৭০০ মেট্রিক টন বৃদ্ধি পাবে। আপনাদের কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ গ্রাহকদের জন্য নতুন ধরনের সমাধানের পাশাপাশি সর্বোত্তম প্রযুক্তি যোগান দিতে বদ্ধপরিকর।

নিরাপত্তা বিষয়ক কার্যক্রম

লিন্ডে গ্রুপের অন্যান্য স্থানের কার্যক্রমের মতই এই কোম্পানিতে আমাদের সকল স্টেকহোল্ডার, বিশেষত আমাদের কোম্পানিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারিবৃন্দ ও গ্রাহকদের জন্য নিরাপত্তা হল সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত একটি বিষয়। ২০১১ সালে আপনাদের কোম্পানি তার নিরাপত্তা সূচকের ক্ষেত্রে শীর্ষস্থান অর্জন করেছে এবং পিছিয়ে পড়া সুচকগুলোর ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেছে; এক্ষেত্রে ব্যতিক্রম হল তিনটি বড় দুর্ঘটনা, যাদের একটি ঘটেছিল উৎপাদন কার্যক্রমের ক্ষেত্রে এবং অপর দুটি ঘটেছিল পরিবহন কার্যক্রম পরিচালনার সময়। পরিবহন কার্যক্রম এমন একটি ক্ষেত্র যেখানে আত্মতুষ্টির কোন সুযোগ নেই অথবা নেই বিগত সাফল্যের উপর নির্ভর করার সুযোগ। আপনাদের কোম্পানি এর বড় সাইটগুলোতে সপ্তাহব্যাপী রোড শো-এর আয়োজন করেছে; সেখানে আঞ্চলিক কার্যালয় এবং কান্ট্রি লিডারশিপ টিম হতে সিনিয়র ম্যানেজারদের নিয়ে ম্যানেজিং ডাইরেক্টর মহোদয় কর্মসূচিটি পরিচালনা করেন। পরিবহন দুর্ঘটনার বিরুদ্ধে এবং গাড়িচালকের দায়-দায়িত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার লক্ষে গণপরিবহনের গাড়ি চালকদের জন্য কোম্পানি পরিবহন নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ ও যোগাযোগ কর্মসূচির আয়োজন করে। এই কর্মসূচিতে দুই দফায় ১৮০ জন গাড়িচালককে অন্তর্ভুক্ত করা হয়। বড় দুর্ঘটনার সংখ্যা কমিয়ে আনার পাশাপাশি নিরাপত্তার মান বৃদ্ধি করার লক্ষে "লিড সেইফ", "সাইট সেইফ", "এ্যাক্ট সেইফ" কর্মসূচিসমূহ এবং গোল্ডেন রুল অব সেইফটি বিষয়ক কার্যক্রম আমাদের কর্মকর্তা-কর্মচারিসমূহ ও গ্রাহকগণ যে সমস্ত বড় লোকেশনের কার্যক্রমে সম্পৃক্ত সেই সমস্ত লোকেশনে পরিচালনা করা হয়।

মানব সম্পদ

কোম্পানির সকল পর্যায়ে সারা বছরব্যাপী চমৎকার কর্মপরিবেশের পাশাপাশি শিল্প কারখানায় শান্তি বজায় ছিল। কর্মকর্তা-কর্মচারিদের কার্যকর উৎপাদনশীলতার পূর্বশর্ত হল বিভিন্ন কার্যকর ব্যবস্থা ও পদ্ধতি। বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারিদের উন্নয়নের উপর অব্যাহত গুরুত্ব আরোপের পাশাপাশি ই-লীভ ব্যবস্থা, এমপ্লয়ি সেলফ সার্ভিস (ESS) ও ম্যানেজার সেলফ সার্ভিস (MSS)-বিষয়ক গ্রুপ কর্তৃক নির্ধারিত বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়; স্থানীয় এবং কোম্পানির অভ্যন্তরীণ বিশেষজ্ঞ কর্তৃক পরিচালিত বেশ কিছু প্রশিক্ষণ কর্মসূচির আয়োজনও অব্যাহত থাকে। এ্যালাইনড্ কর্পোরেট আইডেন্টিটি প্রোগ্রাম বিষয়ক বৈশ্বিক নির্দেশনার আওতায় আপনাদের কোম্পানি বিওসি বাংলাদেশ লিমিটেড হতে পরিবর্তিত হয়ে লিন্ডে বাংলাদেশ লিমিটেড নাম পরিগ্রহ করে। কর্মকর্তা-কর্মচারিদের প্রণোদনা ও কাজের স্বীকৃতি প্রদানের জন্য এক্সেলেন্স এ্যাওয়ার্ড, স্পট রিকগনিশন, কী এমপ্লয়ি বোনাস স্কীম এবং সেকেন্ডমেন্ট প্রোগ্রামস টু আদার কান্ট্রিজ-এর মত বিভিন্ন কর্মসূচি কার্যকরভাবে বাস্তবায়ন করা হয়েছে।

তথ্য সেবাসমূহ

আমাদের তথ্য সেবা (IS) বিভাগ লিন্ডে বাংলাদেশ লিমিটেড-কে একটি উচ্চ দক্ষতাসম্পন্ন সংস্থায় (HPO) পরিণত হওয়ার পাশাপাশি ASSERT প্রকল্পের লক্ষ্যসমূহ অর্জনের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করেছে। ২০১১ সালে আপনাদের কোম্পানি ই-মেইল ব্যবস্থা (MS Exchange) হতে লোটাস নোটস- এ প্রচলন করার মাধ্যমে আমাদের বৈশ্বিক অংশীদারদের সাথে তাল মিলিয়ে চলার লক্ষে আমাদের ম্যাসেজিং প্ল্যাটফর্মে বড় ধরণের পরিবর্তন সাধন করেছে। এই পরিবর্তনের মূলে রয়েছে কার্যকর সহযোগিতার পাশাপাশি আরো বেশি পারস্পরিক যোগাযোগের উপর গুরুত্ব আরোপ করা, যা বর্তমানের ব্যবসায়িক কর্মকাণ্ডের জন্য প্রয়োজন।

২০১১ সালে আমাদের ব্যবসায়িক কার্যক্রমের প্রায়োগিক ক্ষেত্রে বড় ধরণের ঐক্য স্থাপনের প্রয়াস চালান হয়। ২০১১ সালে আগস্ট মাসে চালু হওয়া আট মাসব্যাপী এই প্রয়াসের মাধ্যমে SAP R/3 ভিত্তিক আমাদের এন্টারপ্রাইজ এ্যাপ্লিকেশন পরিবর্তন করে SAP ECC6 ভিত্তিক অভিন্ন আঞ্চলিক প্ল্যাটফর্ম প্রচলন করা হয়। পুরো দক্ষিণ ও পূর্ব এশিয়ায় ব্যবসায় কার্যক্রম পরিচালনার লক্ষ্যে রিজিওনাল সিস্টেম চালু করা হয়। সিস্টেমের এই পরিবর্তন আমাদের ব্যবসায় কার্যক্রম পরিচালনায় সর্বোত্তম বৈশ্বিক চর্চার প্রচলনে সহায়ক ভূমিকা পালন করবে। ২০১২ সালের ১লা এপ্রিল এই প্রকল্পের কার্যক্রম শুরু হবে বলে আশা করা যায়।

ব্যবসায়িক লেনদেনের গতি বাড়াতে আমাদের দূরবর্তী সাইটগুলোর মধ্যে ছয়টি WAN-ব্যবস্থার আওতায় আনা হয়েছে। আমরা http://www.linde.com.bd ঠিকানায় পরিবর্তিত ব্র্যান্ড শিরোনাম হিসেবে লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট চালু করেছি। স্থানীয় কিছু কিছু কার্যক্রম রিজিওনাল সিস্টেমে স্থানান্তর করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এগুলোর মধ্যে একটি হল ICR ভিত্তিক প্রোডাকশন ডাটা ক্যাপচারিং সিস্টেম, যা অঞ্চলব্যাপী একটি সম্ভাবনাময় সর্বোত্তম চর্চা হিসেবে স্বীকৃত।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ

লিন্ডে গ্রুপ-এর অভ্যন্তরীন নিরীক্ষা টীম তাদের বাছাইকৃত ক্ষেত্রগুলোতে বেশ কতগুলো নিরীক্ষা পরিচালনা করেছেন। নিরীক্ষায় প্রাপ্ত তথ্যাদি এবং পরবর্তীতে গৃহীত প্রতিকারমূলক ব্যবস্থা সম্পর্কে নিয়মিত খোঁজখবর রাখা হয় এবং নিরীক্ষা কমিটিতে প্রতিবেদন প্রেরণ করা হয়। ডাটা ক্যাপচারিং-এর জন্য ব্যবহৃত এ্যাকাউন্টিং সফটওয়্যার পুরোপুরিভাবে সমন্বিত, যা কেবল একটি পদ্ধতিগতভাবে আর্থিক বিবরণী প্রস্তুতের জন্য ডাটা ক্যাপচার করে না, বরং ব্যবস্থাপনা বিষয়ক হিসাবরক্ষণ ও বাজেট সংক্রান্ত নিয়ন্ত্রণমূলক পদক্ষেপ গ্রহণের জন্য প্রয়োজনীয় ডাটা বা উপাত্ত সরবরাহ করে, যা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে যথাযথ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। মানসম্মত চর্চার মাধ্যমে হিসাবরক্ষণ প্রক্রিয়ার বিষয়ে অধিকতর নিয়ন্ত্রণ আনয়ণের লক্ষ্যে কোর এ্যাকাউন্টিং ও ডাটা প্রসেসিং কার্যক্রম ফিলিপাইনের এ্যাকাউন্টিং সেন্টার ফর এক্সেলেন্স-এ (ACE) স্থানান্তর করা হয়েছে, যা ২০১১ সালের ১৫ই ডিসেম্বর হতে কার্যকর হয়েছে।

কর্পোরেট সামাজিক দায়দায়িত্বসমূহ (সিএসআর)

RSE কর্পোরেট দায়-দায়িত্ব বিষয়ক কর্মসূচি "HELP"-এর (স্বাস্থ্যসেবা, শিক্ষা, স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়ন ও পরিবেশ সুরক্ষা) নির্দেশনার আওতায় বৃক্ষরোপন, শহরের স্কুলে কম্পিউটার দান, আন্তঃজেলা মহাসড়কে চলাচলকারী বাস ড্রাইভার ও হেলপারদের জন্য নিরাপত্তা সংক্রান্ত সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন সম্পর্কিত আমাদের বিভিন্ন উদ্যোগ দীর্ঘস্থায়ী সুফল বয়ে এনেছে। কোম্পানির আরেকটি কর্মসূচি হল ব্যবস্থাপনা ও লিডারশিপ সম্পর্কিত দক্ষতা অর্জন করার লক্ষে শিক্ষানবীশ হিসেবে বিশ্ববিদ্যালয় হতে সদ্য স্নাতক ডিগ্রি অর্জনকারীদের প্রশিক্ষণ প্রদান করা। ওয়েল্ডিং পণ্য নিয়ে কাজ করে এমন ব্যক্তিদের এবং ব্যবস্থাপনার দায়িত্ব বহির্ভূত স্টাফদের মেধাবী শিশুদের কোম্পানি বৃত্তি প্রদান করে থাকে।

বোর্ড বিষয়ক

আমরা সর্বশেষ যখন সভায় মিলিত হয়েছিলাম তখন বোর্ডের গঠন যেরকম ছিল আলোচ্য বছরেও সেরকমই ছিল; তবে ব্যতিক্রম এই যে, আমরা জনাব সঞ্জীভ লাম্বা, জনাব বিনোদ পাটোয়ারী ও জনাব লী বন হিয়ানকে হারিয়েছি, যারা ছিলেন লিন্ডে গ্রুপ কর্তৃক মনোনীত পরিচালক এবং তাঁরা পাঁচ বছর ও তিন বছর করে পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। জনাব লাম্বা, জনাব পাটোয়ারী এবং জনাব লী তাদের উপর অর্পিত দায়িত্বে পরিবর্তনের ফলে বোর্ড হতে অবসর গ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন। আজ সভায় উপস্থিত আমাদের সকলের পক্ষ হতে এবং আমার নিজের পক্ষ হতে আমি জনাব লাম্বা, জনাব পাটোয়ারী ও জনাব লী-র প্রতি কোম্পানিতে তাঁদের মূল্যবান অবদানের জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করি। তাদের স্থলে দক্ষিণ এশিয়া অঞ্চলের লিন্ডে গ্রুপের প্রধান জনাব বার্নড হুগো ইউলিটজ, দক্ষিণ ও পূর্ব এশিয়ার অর্থায়ন ও নিয়ন্ত্রণ বিভাগের প্রধান মিস ডেজাইরী বাচের এবং ভারত, বাংলাদেশ ও শ্রীলংকার ক্লাস্টার হেড জনাব শ্রিকুমার মেনন গ্রুপ মনোনীত পরিচালক হিসেবে বোর্ডে যোগদান করেছেন। আসুন আমরা সবাই তাদেরকে স্বাগত জানাই। আমরা কোম্পানিতে তাদের মূল্যবান অবদানের প্রত্যাশায় রইলাম।

তেজগাও ফ্যাক্টরিতে ২০শে নভেম্বর ২০১১ ব্র্যান্ড লন্স-গ্রুপ ফটো

লিন্ডে এমপ্লয়িদের ২০শে নভেম্বর ২০১১ ব্র্যান্ড লন্স অনুষ্ঠানে যোগদান

ভবিষ্যত সম্ভাবনা

এশিয়ার সকল দেশের জন্য সাম্প্রতিক বৈশ্বিক অর্থনৈতিক সংকট কাটিয়ে ওঠা উৎসাহব্যঞ্জক মনে হয়। বেশ প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পরিবেশ সত্ত্বেও বাংলাদেশের অর্থনীতিতে প্রবৃদ্ধি ঘটছে যার ফলে পরবর্তী দশকের মধ্যে এটি একটি মধ্য আয়ের দেশে পরিণত হওয়ার প্রত্যাশা জাগিয়ে তুলেছে। আমাদের বিশাল মানব সম্পদ রয়েছে যা ধীরে ধীরে অদক্ষ শ্রমশক্তি হতে দক্ষ ও শিক্ষিত কর্মশক্তিতে রূপান্তরিত হচ্ছে। এবং এই কর্মশক্তি আমাদের অর্থনীতির সবচেয়ে বড় শক্তি যা অর্থনৈতিক সমৃদ্ধি সংক্রান্ত আমাদের কাঙ্খিত লক্ষ্য অর্জন করতে সহায়তা করতে পারে। আঞ্চলিক সহযোগিতা ও যোগাযোগ সংক্রান্ত বিভিন্ন সরকারি উদ্যোগ বাংলাদেশের জন্য ব্যবসায়ের নতুন নতুন সুযোগের দ্বার উন্মুক্ত করতে পারে। পাশাপাশি এক্সপ্রেসওয়ে এবং বিশেষত বিদ্যুৎ ক্ষেত্রে বিভিন্ন নতুন ব্যক্তিমালিকানাধীন খাতের উদ্যোগের মত বড় আকারের প্রকল্পগুলোর কার্যক্রম আপনাদের কোম্পানির জন্য ব্যবসায়ের সুযোগ সৃষ্টি করেছে। "প্রজেক্ট এ্যাসার্ট" নামক গ্রুপ কর্তৃক গৃহীত উদ্যোগ ইতোমধ্যে সূচিত হয়েছে, যা আপনাদের সংস্থার মান বৃদ্ধি করেছে।

বৈশ্বিক অর্থনৈতিক সংকট ধীরগতিতে কাটিয়ে ওঠা এবং বাংলাদেশের অর্থনীতির উপর, বিশেষ করে খাদ্য ও জ্বালানি মূল্য, প্রবাসে কর্মরত শ্রমিকদের পাঠানো অর্থ ও বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগের (FDI) উপর এর সম্ভাব্য নেতিবাচক প্রভাব সত্ত্বেও আমি দেশের ব্যবসায় পরিবেশের উন্নতির ব্যাপারে আশাবাদী। অর্থনৈতিক উন্নয়নের জন্য সরকার ব্যবসায় পরিবেশের উন্নয়নে প্রয়াস চালাচ্ছেন। আপনাদের কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যক্তিমালিকানাধীন ও সরকার কর্তৃক গৃহীত উদ্যোগের ফলে উদ্ভূত সুবিধা কাজে লাগানোর ব্যাপারে যথেষ্ট প্রস্তুত রয়েছেন।

প্রিয় শেয়ারহোল্ডারগণ,

বোর্ড সদস্য ও শেয়ারহোল্ডারগণকে তাঁদের সমর্থনের জন্য এবং কোম্পানির সাফল্য অর্জন সম্ভব করে তোলার জন্য কোম্পানির কর্মকর্তা-কর্মচারিদেরকে আমি ধন্যবাদ জানাই। আমরা সাফল্যের জন্য আমাদের গ্রাহক, সরবরাহকারী, ব্যাংকের কর্মকর্তা, সরকারি বিভিন্ন কর্তৃপক্ষ ও সংস্থাসমূহের নিকট ঋণী। আমরা গভীর কৃতজ্ঞতার সাথে তাঁদের এই অবদান স্বীকার করি।

ধন্যবাদ,

আইয়ুব কাদরি
০৮ মার্চ ২০১২

পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

পরিচালকমণ্ডলী ২০১১ সালের ৩১ শে ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য কোম্পনির নিরীক্ষিত হিসাব বিবরণী উপস্থাপন করতে পেরে আনন্দিত।

কোম্পানি শিল্প ও চিকিৎসা খাতে ব্যবহৃত গ্যাস, ওয়েল্ডিং যন্ত্রপাতি ও পণ্য এবং কিছু কিছু চিকিৎসা পণ্য ও সামগ্রী সরবরাহের ক্ষেত্রে দেশের প্রধান সরবরাহকারী হিসেবে তার অবস্থান অক্ষুণ্ন রেখেছে।

ব্যবসা কার্যক্রম

গত বছর কোম্পানির প্ল্যান্টসমূহের যে উৎপদন ক্ষমতা ছিল তা দ্বারা শিল্পে ব্যবহৃত প্রধান গ্যাসমূহের চাহিদা পূরণ করা সম্ভব হয়েছে বিধায় বছরটিতে কোম্পনির ব্যবসা কার্যক্রম বড় ধরনের কোন চ্যালেঞ্জের সম্মুখীন হয়নি। সবগুলো প্ল্যান্টই সাবলীলভাবে চলেছে তবে, ASU প্ল্যান্ট ও ইলেক্ট্রোড প্ল্যান্টস-এ রক্ষণাবেক্ষণের কিছু রুটিন কাজ সম্পন্ন করা হয়েছে। ২০১১ সালের ১৯শে মে হতে ইলেক্ট্রোড প্ল্যান্ট-এর তৃতীয় লাইনটি চালু করা হয়েছে। তখন হতে এতে দিনে তিন শিফটে কার্যক্রম চলছে। ২০১১ সালের ১৯শে নভেম্বর হতে কার্যকর হওয়া গ্রুপ সুপারিশ অনুযায়ী নিরাপত্তার কারণে নাইট্রাস অক্সাইড প্ল্যান্টের উৎপাদন বন্ধ রয়েছে। বছরের শেষ চতুর্থাংশ হতে নাইট্রাস অক্সাইড আমদানি করা হচ্ছে।

এমএস ইলেক্ট্রোডের বর্ধিষ্ণু চাহিদার সাথে তাল মিলিয়ে রূপগঞ্জে ৭,৭০০ মেট্রিক টন বার্ষিক সামর্থ্য সম্পন্ন আরেকটি উৎপাদন লাইন স্থাপনের কাজ এগিয়ে চলেছে। ২০১২ সালের শেষ চতুর্থাংশ হতে প্ল্যান্টটি চালু হবে বলে আশা করা যায়। কোম্পানি বাৎসরিক ২৫ হাজার রিম উৎপাদন ক্ষমতাসম্পন্ন একটি এ্যাব্রেসিভ ক্লথ প্ল্যান্ট স্থাপনের জন্য অর্থ বিনিয়োগ করেছে। ২০১২ সালের প্রথম চতুর্থাংশ হতে এ্যাব্রেসিভ ক্লথ প্ল্যান্ট কার্যক্রম শুরু করেছে।

আর্থিক ফলাফল

কোম্পানির অর্জিত বিক্রয় বা ব্যবসায় ১৭% বৃদ্ধি পেয়ে পূর্ববর্তী বছরের ৩,১৯৯,৩৭৪,৬৪৭ টাকা হতে আলোচ্য বছরে দাঁড়িয়েছে ৩,৭২৯,৭৫৪,৩৫৭ টাকায়। এ বৃদ্ধি ঘটেছে মূলত এমএস ইলেক্ট্রোডের বিক্রয় বৃদ্ধির কারণে।

২০১১ সালে কার্যক্রম পরিচালনা হতে আগত মুনাফা বৃদ্ধি পেয়েছে ৬ শতাংশ। কাঁচামালের আমদানি ব্যয়ের বৃদ্ধির ফলে মুনাফা কিছু হ্রাস পেয়েছে। অর্থনীতিতে উচ্চ মাত্রার মুদ্রাস্ফীতির কারণে কার্যক্রম পরিচালনা বাবদ ব্যয় বৃদ্ধি পেয়েছে। আলোচ্য বছরে অবসরে যাওয়া সিনিয়র ব্যবস্থাপনা স্টাফদের এককালীন অর্থ পরিশোধ, সন্দেহজনক দেনা পরিশোধ ব্যবস্থা এবং কোম্পানির নাম পরিবর্তন বাবদ ব্যয় এর কার্যক্রম পরিচালনা বাবদ ব্যয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

কোম্পানির কর পূর্ব মুনাফা সর্বকালের সর্বোচ্চ পরিমাণে পৌঁছে হয়েছে ৯৪০,১৩৫,৭৯৫ টাকা, পূর্ববর্তী বছরে যা ছিল ৯০৩, ২৫৬,৪৪৬ টাকা। ইলেক্ট্রোড খাত করপূর্ব মুনাফার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। ফিক্সড ডিপোজিট হতে প্রাপ্ত সুদ বাবদ আয়ও করপূর্ব মুনাফার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে।

চলতি মূলধন ব্যবস্থাপনা

গত বছর চলতি মূলধনের সার্বিক ব্যবস্থাপনা সন্তোষজনক ছিল। পূর্ববর্তী বছরের তুলনায় গত বছর কোম্পানির হাতে এবং আমদানী পথে অধিক পরিমাণে ওয়েল্ডিং কাঁচামাল থাকায় এই কাঁচামালের মজুদ ৮২% বৃদ্ধি পায়। বাজারে ইলেক্ট্রোডের বর্ধিষ্ণু চাহিদা পূরণের উদ্দেশ্যে কাঁচামালের অপেক্ষাকৃত বেশি মজুদ রাখা হয়। অপেক্ষাকৃত বেশি মজুদের আরেকটি কারণ হল, বৈশ্বিক বাজারে রুটাইলের ঘাটতি থাকায় এর মূল্য বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে কোম্পানি অপেক্ষাকৃত বেশি পরিমাণে রুটাইল সংগ্রহ করার সিদ্ধান্ত গ্রহণ করে। সরকারি হাসপাতাল হতে বকেয়া ঋণ পরিশোধ করার ফলে বিগত বছর ঋণগ্রহীতার বকেয়ার মাত্রা হ্রাস পায়। অতিরিক্ত নগদ অর্থ ও নগদ অর্থের সমমূল্যের সম্পত্তি ফিক্সড ডিপোজিট হিসেবে তফসিলি ব্যাংকে সারা বছরব্যাপী গচ্ছিত রাখা হয়েছে। উচ্চতর লভ্যাংশ বাবদ অর্থ পরিশোধ, মূলধনী ব্যয় বৃদ্ধি ও পণ্য তালিকা বৃদ্ধি বাবদ ব্যয়ের ফলে নগদ অর্থ ও নগদ অর্থের সমমূল্যের সম্পত্তির পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেলেও ফিক্সড ডিপোজিট হতে প্রাপ্ত সুদ বাবদ আয় বিগত বছরের তুলনায় ১০% বেশি ছিল।

লভ্যাংশ

আলোচ্য বছরের জন্য শেয়ার প্রতি ২৫.০০ টাকা (২৫০%) অন্তর্বর্তীকালীন লভ্যাংশ প্রদান করা হয়েছে যার মোট পরিমাণ ৩৮০,৪৫৭,০০০ টাকা। অন্তর্বর্তীকালীন লভ্যাংশ বাবদ পরিশোধিত অর্থের পরিমাণ গত বছরের অনুরূপ।

পরিচালকমণ্ডলী আলোচ্য বছরের জন্য, বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হওয়া সাপেক্ষে, শেয়ার প্রতি ১০.০০ (১০০%) টাকা চূড়ান্ত লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছেন, যার মোট পরিশোধিত অর্থের পরিমাণ ১৫২,১৮২,৮০০ টাকা (২০১০ সালে এর পরিমাণ ছিল ১৫২,১৮২,৮০০ টাকা)। সে অনুসারে আলোচ্য বছরের জন্য শেয়ার প্রতি মোট লভ্যাংশ দাঁড়াবে ৩৫০% এ। এবং লভ্যাংশ বাবদ পরিশোধিত মোট অর্থের পরিমাণ হবে ৫৩২,৬৩৯,৮০০ টাকা (২০১০ সালের জন্য যা ছিল ৫৩২,৬৩৯,৮০০ টাকা)।

সংরক্ষিত তহবিল

পরিচালকমণ্ডলী আলোচ্য বছরে অর্জিত মুনাফা থেকে ৬৮১,৫১৫,৬০৯ টাকা সাধারণ সংরক্ষিত তহবিলে স্থানান্তরের জন্য প্রস্তাব করেছেন। অবসর ভাতা বাবদ অর্থ পরিশোধের পর একচুয়ারিয়াল লাভ ও ক্ষতি বিষয়ক এ্যাকাউন্টে ২১০,৩২,৮৮৭ টাকা অতিরিক্ত হওয়ায় তা সাধারণ সংরক্ষিত তহবিলে অবমুক্ত করা হয়েছে।

পরিচালকবৃন্দ

কোম্পানির বর্তমান পরিচালকবৃন্দের নাম এই প্রতিবেদনের ০৬৭ পৃষ্ঠা থেকে ০৬৯ পৃষ্ঠায় লিপিবদ্ধ করা হয়েছে। জনাব আইয়ুব কাদরি, মিস ডেজাইরী বাচের এবং জনাব লতিফুর রহমান কোম্পানি সংঘবিধির ৮১ নং অনুচ্ছেদ অনুযায়ী অবসরগ্রহণ করেছেন।

জনাব আইয়ুব কাদরি, মিস ডেজাইরী বাচের এবং জনাব লতিফুর রহমান, যোগ্য বিধায়, পুনঃনিয়োগ পাওয়ার আগ্রহ ব্যক্ত করেছেন।

কর্পোরেট শাসনব্যবস্থা

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিজ্ঞপ্তি নম্বর SEC/CMRRCD/2006-158/Admin/02-08, তারিখ ২০শে ফেব্রুয়ারী ২০০৬ অনুযায়ী আর্থিক বিবরণীর উপর নিয়ন্ত্রণমূলক/আইনগত তথ্যাদি প্রদান করা হয়।

পরিচালকবৃন্দ এই মর্মে প্রতিবেদন প্রদান করেন যেঃ

- কোম্পানী কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রমের সার্বিক অবস্থা, এর কার্যক্রমের ফলাফল, নগদ অর্থের প্রবাহ এবং ইক্যুইটির পরিমাণ পরিবর্তন- এই সকল বিষয়ে একটি সঠিক ও নিরপেক্ষ চিত্র তুলে ধরেছে ।
- আইন অনুযায়ী সুষ্ঠু হিসাবরক্ষণ বই সংরক্ষণ করা হয়েছে।
- আর্থিক বিবরণীসমূহ প্রণয়নের ক্ষেত্রে যথোপযুক্ত হিসাবরক্ষণ নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং হিসাবরক্ষণ বিষয়ক আনুমানিক হিসাবাদি ছিল যুক্তিসঙ্গত এবং বিজ্ঞজনোচিত।
- আর্থিক বিবরণীসমূহ বাংলাদেশে প্রযোজ্য আন্তর্জাতিক হিসাবরক্ষণ বিধি (আইএএস)-এর মান ও নির্দেশ অনুযায়ী প্রস্তুত করা হয়েছে।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পরিকল্পনাগতভাবে ছিল সুষ্ঠু ও সঠিক, এবং কার্যকরভাবে বাস্তবায়নের পাশাপাশি এর পরিবীক্ষণও করা হয়েছে।
- একটি চলমান প্রতিষ্ঠান হিসেবে কোম্পানীর টিকে থাকার সামর্থ্য নিয়ে উখেল্লযোগ্য কোন সন্দেহ বা সংশয় নেই।
- পূর্ববর্তী বছরের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ফলাফলের তুলনায় আলোচ্য বছরে উল্লেখযোগ্য পরিবর্তনের বিষয়গুলো হিসাবরক্ষণ বিষয়ক উপস্থাপনা ও পরিচালকমন্ডলীর প্রতিবেদনে বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে।

২০১১ সালের ৩১শে ডিসেম্বর পূর্ববর্তী তিন বছরের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ও আর্থিক বিষয়ক প্রধান প্রধান উপাত্তসমূহ, বোর্ডের সভা সংক্রান্ত তথ্য, নিরীক্ষা কমিটির সভাসমূহ সম্বন্ধে তথ্য, শেয়ারহোল্ডিং-এর ধরণ, ও আইনগত নির্দেশনা পালন বিষয়ক প্রতিবেদন পরিশিষ্ট ১ হতে ৪-এ প্রদান করা হয়েছে।

নিরীক্ষক নিয়োগ

কোম্পানীর Statutory অডিটর্স KPMG, এর সদস্য রহমান রহমান হক, চার্টার্ড একাউন্ট্যান্টস অবসর গ্রহণ করবেন অত্র বার্ষিক সাধারণ সভাতে। সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিজ্ঞপ্তি নম্বর SEC/CMRRCD/2009-193/104/Admin, তারিখ ২৭ জুলাই, ২০১১ অনুযায়ী কোন অডিট ফার্ম কোন কোম্পানীর পরপর তিন বছর এর বেশী Statutory অডিটর হিসেবে থাকতে পারবে না। ১৯৭৬ সাল হতে রহমান রহমান হক কোম্পানীর Statutory অডিটর্স হিসেবে কাজ করছেন। সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ এর আদেশের বলে কোম্পানীতে নতুন Statutory অডিটর্স নিয়োগের প্রয়োজন অত্যাবশ্যকিয় হয়ে পড়েছে। হোদা ভাসি চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্ লিন্ডে বাংলাদেশ লিমিটেড - এর Statutory অডিটর্স হিসেবে নিয়োগে পাবার ইচ্ছা ব্যক্ত করেছেন। পরিচালনা পর্ষদ ২০১২ সাল এবং যাহা পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত তাদের নিয়োগ প্রদানের সুপারিশ করেছেন (বার্ষিক সাধারণ সভাতে শেয়ারহোল্ডারগণের অনুমোদন সাপেক্ষে) ফি বাবদ ৪,৭৫,০০০ টাকা।

পরিচালকমন্ডলীর পক্ষ থেকে,
০৮ মার্চ ২০১২

ইরফান এস মতিন
ব্যবস্থাপনা পরিচালক

আইয়ুব কাদরি
পরিচালক ও সভাপতি

কমিটিসমূহ

অডিট কমিটি

সভাপতি	মিস পারভীন মাহমুদ	পরিচালক
সদস্য	মিস ডেজাইরি বাচের	পরিচালক
সদস্য	জনাব শ্রিকুমার মেনন	পরিচালক
সদস্য	জনাব লতিফুর রহমান	পরিচালক
সচিব	জনাব মোহাম্মদ নাজমুল হোসেন	পরিচালক
	জনাব ইন্দ্রজিত মিত্র	কান্ট্রি প্রধান, ইন্টারনাল অডিট ইন্ডিয়া ও বাংলাদেশ, ইন্টারনাল অডিট এশিয়া/প্যাসিফিক

কান্ট্রি লীডারশীপ টীম

সভাপতি	জনাব ইরফান এস মতিন	ব্যবস্থাপনা পরিচালক
সদস্য	জনাব মোহাম্মদ নাজমুল হোসেন	ফিন্যান্স ডিরেক্টর এবং কোম্পানী সচিব
সদস্য	জনাব ফিরোজ এ সিদ্দিকী	হেড অব হিউম্যান রিসোর্সেস
সদস্য	জনাব আবু শায়ের	ম্যানেজার,আই এস
সদস্য	জনাব ইফতেখার করিম	হেড অব সাপ্লাই
সদস্য	জনাব মোঃ আব্দুল মতিন	ম্যানেজার, শিকিউ

পরিশিষ্ট ১

২০১১ সালের ৩১শে ডিসেম্বর পূর্ববর্তী তিন বছরের কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ও আর্থিক প্রধান প্রধান উপাত্তসমূহ

আর্থিক ইতিবৃত্ত

		২০০৮	২০০৯	২০১০	২০১১
রেভিনিউ	(টাকা'০০০)	২,৪৯৮,৫৮৩	২,৭৪২,৮১৭	৩,১৯৯,৩৭৫	৩,৭২৯,৭৫৪
কর-পূর্ব মুনাফা	"	৪৫৭,৭৪০	৭৭২,৬১১	৯০৩,২৫৬	৯৪০,১৩৬
কর বরাদ্দ	"	১১৬,১০৬	১৮১,৯৭২	২৪১,৩২০	২৩০,৫৮৪
বিলম্বিত কর	"	(১৭,৭০৮)	(১৯,২৩১)	(৬,১৩২)	২৮,০৩৭
আয়	"	৩৫৯,৩৪২	৬০৯,৮৭০	৬৬৮,০৬৮	৬৮১,৫১৫
লভ্যাংশ	"	১১৭,১৮১	১১৭,১৮১	১৫২,১৮৩	১৫২,১৮৩
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	"	১৫২,১৮৩	১৫২,১৮৩	৩৮০,৪৫৭	৩৮০,৪৫৭
সাধারণ সংরক্ষিত তহবিল	"	১,৩১২,৫৪৬	১,৬৬৬,১৭৭	১,৮২৩,১৪১	১,৯৯৩,০৪৮
শেয়ার মূলধন	"	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩	১৫২,১৮৩
পুনঃমূল্যায়ন বাবদ সংরক্ষণ	"	৪৬,১৮১	২০,১৭৪	২০,১৭৪	২০,১৭৪
শেয়ারহোল্ডারদের ইক্যুইটি	"	১,৫১০,৯১০	১,৮৩৮,৫৩৪	১,৯৯৫,৪৯৮	২,১৬৫,৪০৫
নীট স্থায়ী সম্পত্তি	"	৯৬১,১৭৮	৯২২,৭৩৫	১,০৪৩,৫৫২	১,২৩৮,৮৩৪
অবচয়	"	১৩৫,৪৬৬	১৩৬,৩২১	১৩২,৭৬৯	১৩১,৯১৫
শেয়ারপ্রতি আয়	টাকা	২৩.৬১	৪০.০৮	৪৩.৯০	৪৪.৭৮
শেয়ারপ্রতি লভ্যাংশ	"	১৭.৭০	১৭.৭০	৩৫.০০	৩৫.০০
লভ্যাংশ	(%)	১৭৭	১৭৭	৩৫০	৩৫০
শেয়ারপ্রতি নীট সম্পত্তি	টাকা	৯৯.২৮	১২০.৮১	১৩১.১৩	১৪২.২৯
শেয়ারপ্রতি পরিচালনা থেকে নগদ প্রবাহ	"	২৫.১১	৬৮.৪১	৪৫.৪৫	৩৪.৫৭

পরিশিষ্ট ২

শেয়ারহোল্ডিং প্যাটার্ন

পরিচালকবৃন্দের নামঃ			হোল্ডিংস
	২০০৯	২০১০	২০১১
জনাব আইয়ুব কাদরি -সভাপতি (জনাব এম সাইদুজ্জামান-এর স্থলে সভাপতি হিসেবে ২০১১ সালের মে মাসে যোগদান করেন)	১০	১০	১০
জনাব ইরফান শিহাবুল মতিন- প্রধান নির্বাহী অফিসার (জনাব ওয়ালিউর রহমান ভূঁইয়া OBE -এর স্থলে প্রধান নির্বাহী অফিসার হিসেবে ২০১১ সালের মে মাসে যোগদান করেন) এবং	১২	১২	১২
স্ত্রী (ফলিও # এন০০১৮)	১২	১২	১২
জনাব লতিফুর রহমান (স্বতন্ত্র পরিচালক)	১০	১০	১০
জনাব মোহাম্মদ নাজমুল হোসেন - প্রধান ফাইনান্সসিয়াল অফিসার এবং কোম্পানী সচিব	৩	৩	৩
মিস পারভীন মাহমুদ(স্বতন্ত্র পরিচালক-২০১১ সালের মে মাসে যোগদান করেন)	-	-	৫০
নির্বাহীবৃন্দের নামঃ			
জনাব মোহাম্মদ আবু শায়ের	৩৭	৩৭	৩৭
স্ত্রী (ফলিও # এফ০৩৩৫)	১০০	১০০	১০০
১০% বা তার চেয়ে বেশী শেয়ারহোল্ডিং			
দি বিওসি গ্রুপ লিমিটেড	৯,১৩০,৯৬৮	৯,১৩০,৯৬৮	৯,১৩০,৯৬৮

পরিশিষ্ট ৩

বোর্ড সভাসমূহ

এ সময়ে বোর্ড ৫ বার সভাতে মিলিত হন।

	পরিচালকবৃন্দের নামঃ	উপস্থিতির সংখ্যা
১	জনাব এম সাইদুজ্জামান-সভাপতি (পদত্যাগ করেন ২০১১ সালের মে মাসে)	২
২	জনাব ওয়ালিউর রহমান ভূঁইয়া, OBE (অবসর গ্রহণ করেন ২০১১ সালের মে মাসে)	৩
৩	জনাব আইয়ূব কাদরি- সভাপতি	৫
৪	জনাব ইরফান শিহাবুল মতিন- প্রধান নির্বাহী অফিসার	৫
৫	জনাব লী বন হিয়ান	৫
৬	জনাব সঞ্জীভ লাম্বা	-
৭	জনাব বিনোদ পাটওয়ারী	২
৮	জনাব মোঃ ফায়েকুজ্জামান	৩
৯	জনাব লতিফুর রহমান	৩
১০	মিস পারভীন মাহমুদ	৩
১১	জনাব আজিজুর রশিদ (অবসর গ্রহণ করেন ২০১১ সালের ফেব্রুয়ারী মাসে)	১
১২	জনাব মোহাম্মদ নাজমুল হোসেন	৪

অডিট কমিটি সভাসমূহ

এ সময়ে ৩ বার সভা অনুষ্ঠিত হয়। লিন্ডে গ্রুপের গ্লোবাল বিজনেস কন্ট্রোলস-এর প্রধান তিনটি সভাতে অংশগ্রহণ করেন।

	সদস্যবৃন্দের নামঃ	উপস্থিতির সংখ্যা
১	জনাব আইয়ূব কাদরি- সভাপতি (স্বতন্ত্র পরিচালক- পদত্যাগ করেন ২০১১ সালের মে মাসে)	১
২	মিস পারভীন মাহমুদ- সভাপতি (স্বতন্ত্র পরিচালক-জনাব আইয়ূব কাদরী -এর স্থলে সভাপতি হিসেবে ২০১১ সালের মে মাসে যোগদান করেন)	২
৩	জনাব লী বন হিয়ান- পরিচালক, কর্পোরেট ইনভেষ্টর হতে মনোনিত	৩
৪	জনাব বিনোদ পাটওয়ারী- পরিচালক, কর্পোরেট ইনভেষ্টর হতে মনোনিত	-
৫	জনাব লতিফুর রহমান (স্বতন্ত্র পরিচালক)	১

পরিশিষ্ট ৪

সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিজ্ঞপ্তি # SEC/CMRRCD/2006-158/এডমিন/০২-০৮ তারিখ ২০শে ফেব্রুয়ারী , ২০০৬ অনুযায়ী পরিপালনীয় বিষয়গুলি ।

শর্ত নং	নাম	পরিপালনীয় অবস্থা
১.১	বোর্ড সদস্যের সংখ্যাঃ বোর্ড সদস্যের সংখ্যা ৫ (পাঁচ) জনের কম নয় এবং ২০ (বিশ) জনের বেশী নয়	পালিত হয়েছে
১.২ (i)	স্বতন্ত্র পরিচালকঃ ১০ জনের মধ্যে কমপক্ষে ১ (একজন) জন	পালিত হয়েছে
১.২ (ii)	নির্বাচিত পরিচালকদের দ্বারা স্বতন্ত্র পরিচালকের নিয়োগদান	পালিত হয়েছে
১.৩	আলাদা আলাদা ভাবে বোর্ডের সভাপতি এবং প্রধান নির্বাহীর দায়দায়িত্ব ও ভূমিকা পরিস্কারভাবে লিখিত হতে হবে	পালিত হয়েছে
১.৪	**পরিচালকমন্ডলীর প্রতিবেদনে শেয়ারহোল্ডারদের বিষয়ঃ**	
ক)	আর্থিক প্রতিবেদনের স্বচছতা	পালিত হয়েছে
খ)	সঠিক হিসাবরক্ষণ বইয়ের পরিপালন	পালিত হয়েছে
গ)	সঠিক হিসাব বইয়ের পলিসির মূল্যানুমানের অবলম্বন	পালিত হয়েছে
ঘ)	আন্তর্জাতিক প্রযোজ্য হিসাবের মান (আইএএস) অনুযায়ী পরিপালনীয়	পালিত হয়েছে
ঙ)	সঠিক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা	পালিত হয়েছে
চ)	সামর্থ্যের সাথে ব্যবসায়ের চলমানধারা বজায় রাখা	পালিত হয়েছে
ছ)	গতবছরের উল্লেখযোগ্য চ্যুতি	পালিত হয়েছে
জ)	গত তিন বছরের তথ্য উপস্থাপন	পালিত হয়েছে
ঝ)	লভ্যাংশ ঘোষণা	প্রযোজ্য নহে
ঞ)	বোর্ড সভাসমূহের বিবরণ	পালিত হয়েছে
ট)	শেয়ারহোল্ডিং প্যাটার্ন	পালিত হয়েছে
২.১	প্রধান ফাইনান্সসিয়াল অফিসার, অভ্যন্তরীণ অডিট প্রধান এবং কোম্পানী সচিব প্রত্যেকের আলাদা আলাদা ভাবে দায়দায়িত্ব ও ভূমিকা পরিস্কারভাবে লিখিত হতে হবে	পালিত হয়েছেঃ প্রধান ফাইনান্সসিয়াল অফিসার এবং কোম্পানী সচিব একই ব্যক্তি নিয়োগদান পেয়েছেন
২.২	প্রধান ফাইনান্সসিয়াল অফিসার এবং কোম্পানী সচিব-এর পরিচালকবৃন্দের সভায় যোগদান	পালিত হয়েছে
৩.০	**অডিট কমিটি**	পালিত হয়েছে
৩.১ (i)	কমিটির গঠণ	পালিত হয়েছে
(ii)	বোর্ডের সদস্য ও একজন স্বতন্ত্র পরিচালকের মাধ্যমে কমিটির গঠণ	পালিত হয়েছে
(iii)	কমিটিতে আকস্মিক সদস্যের শূন্যপদ পূরণ করা	পালিত হয়েছে
৩.২ (i)	কমিটির সভাপতি	পালিত হয়েছে
(ii)	কমিটির সভাপতির পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা	পালিত হয়েছে
৩.৩.১ (i)	বোর্ড সদস্যদের কাছে প্রতিবেদন পেশ করা	পালিত হয়েছে
(ii) ক)	বোর্ড সদস্যদের কাছে কনফ্লিক্ট অফ ইন্টারেষ্ট প্রতিবেদন পেশ করা	প্রযোজ্য নহে
(ii) খ)	বোর্ড সদস্যদের কাছে যে কোন জাঁলিয়াতি বা অনিয়ম বিষয়ক প্রতিবেদন পেশ করা	প্রযোজ্য নহে
(ii) গ)	বোর্ড সদস্যদের কাছে আইন ভংগ বিষয়ক প্রতিবেদন পেশ করা	প্রযোজ্য নহে
(ii) ঘ)	বোর্ড সদস্যদের কাছে অন্যান্য যে কোন বিষয়ক প্রতিবেদন পেশ করা	পালিত হয়েছে
৩.৩.২	কমিশনের যোগ্য বিষয়ে প্রতিবেদন পেশ করা	প্রযোজ্য নহে
৩.৪	শেয়ারহোল্ডার এবং সাধারণ বিনিয়োগকারীদের উপর প্রতিবেদন পেশ করা	প্রযোজ্য নহে
৪.০	**বহিঃস্থ/সংবিধিবদ্ধ নিরীক্ষকবৃন্দ**	
(i)	এপ্রাইজাল বা মূল্যায়নে সম্পৃক্ততা না থাকা	পালিত হয়েছে
(ii)	আর্থিক তথ্য তৈরি বিষয়ে সম্পৃক্ততা না থাকা	পালিত হয়েছে
(iii)	হিসাবরক্ষণ তৈরি বিষয়ে সম্পৃক্ততা না থাকা	পালিত হয়েছে
(iv)	ব্রোকার/ডিলার সার্ভিসের সহিত সম্পৃক্ততা না থাকা	পালিত হয়েছে
(v)	একচুরিয়াল সার্ভিসের সহিত সম্পৃক্ততা না থাকা	পালিত হয়েছে
(vi)	অভ্যন্তরীণ অডিট বিষয়ে সম্পৃক্ততা না থাকা	পালিত হয়েছে
(vii)	অন্যান্য যে কোন সার্ভিসের সহিত সম্পৃক্ততা না থাকা	পালিত হয়েছে

শেয়ারহোল্ডারদের প্রতি অডিটরদের প্রতিবেদন

ভূমিকা

আমরা এতদসঙ্গে যুক্ত লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর (এরপর 'কোম্পানি' নামেও অভিহিত) আর্থিক বিবরণীসমূহ নিরীক্ষা করেছি। আর্থিক বিবরণীগুলোর মধ্যে রয়েছেঃ ৩১ ডিসেম্বর ২০১১ তারিখ পর্যন্ত কোম্পানির আর্থিক অবস্থা বিবরণী, এবং সেই তারিখে সমাপ্ত বছরের কমপ্রিহেনসিভ আয় বিবরণী, ইক্যুইটি পরিবর্তন বিবরণী এবং নগদ অর্থ প্রবাহ বিবরণী। প্রতিবেদনে আরো সন্নিবেশিত হয়েছে এই প্রতিবেদন প্রণয়নে অনুসৃত উল্লেখযোগ্য হিসাবরক্ষণ নীতিসমূহের একটি সংক্ষিপ্ত বিবরণ, অন্যান্য ব্যাখ্যামূলক টীকা এবং লিন্ডে বাংলাদেশ লিমিটেড ও এর সাবসিডিয়ারির সকল সম্পর্কযুক্ত আর্থিক বিবরণীসমূহের একত্রিত রূপ (related consolidated financial statements)।

আর্থিক বিবরণী প্রণয়নে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব

বাংলাদেশ আর্থিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত মানসমূহ (Bangladesh Financial Reporting Standards বা সংক্ষেপে BFRS), কোম্পানি আইন ১৯৯৪, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ বিধিমালা ১৯৮৭ (Securities and Exchange Rules 1987) এবং অন্যান্য প্রযোজ্য আইন ও প্রবিধান অনুসরণে কোম্পানির আর্থিক বিবরণীসমূহ তৈরি করা এবং সেগুলো নিরপেক্ষভাবে উপস্থাপন করার দায়িত্ব কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের এই দায়িত্বের মধ্যে রয়েছে ঃ প্রতারণা বা ভুলের কারণে সৃষ্ট কোনো মৌলিক ভ্রান্ত তথ্য (material misstatement) থেকে মুক্ত আর্থিক বিবরণী প্রণয়ন এবং নিরপেক্ষভাবে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রণয়ন, বাস্তবায়ন ও সংরক্ষণ; যথাযথ হিসাবরক্ষণ নীতিসমূহ নির্বাচন ও প্রয়োগ; এবং পরিস্থিতি অনুসারে যুক্তিসঙ্গত হিসাবরক্ষণমূলক প্রাক্কলন প্রণয়ন।

নিরীক্ষকদের দায়িত্ব

আমাদের দায়িত্ব হলো নিরীক্ষার মাধ্যমে কোম্পানির উপরোক্ত আর্থিক বিবরণীসমূহ সম্পর্কে আমাদের মতামত প্রদান করা। আমরা বাংলাদেশ নিরীক্ষাকর্ম পরিচালনা মানসমূহ (Bangladesh Standards on Auditing বা সংক্ষেপে BSA) অনুসরণে আমাদের নিরীক্ষা কাজ সম্পন্ন করেছি। এইসব মান অনুযায়ী আমাদেরকে সংশ্লিষ্ট নৈতিক শর্তসমূহ পরিপালন করতে হয় এবং উক্ত আর্থিক বিবরণীসমূহে কোনো মৌলিক ভ্রান্ত তথ্য রয়েছে কি না সেই মর্মে যুক্তিসঙ্গত নিশ্চয়তা পাওয়ার লক্ষ্যে আমাদেরকে নিরীক্ষা কাজ পরিকল্পনা এবং সম্পাদন করতে হয়।

কোনো আর্থিক বিবরণী নিরীক্ষা করার কাজে, সেই বিবরণীতে অর্থের যেসব পরিমাণ উল্লেখিত থাকে এবং যেসব তথ্য প্রকাশিত হয় সেগুলো নিরীক্ষা করে দেখার জন্য আবশ্যক প্রমাণাদি পেতে প্রাসঙ্গিক বিভিন্ন কার্যপদ্ধতি অনুসরণ করতে হয়। নিরীক্ষায় কোন কোন কার্যপদ্ধতি অনুসরণ করা হবে তার নির্বাচন নির্ভর করে নিরীক্ষকদের বিবেচনার উপর এবং, সেই সাথে, আর্থিক বিবরণীতে প্রতারণা কিংবা ভুলের কারণে সৃষ্ট কোনো মৌলিক ভ্রান্ত তথ্য থাকার ঝুঁকি মূল্যায়নের উপর। এই ঝুঁকি মূল্যায়ন করতে গিয়ে আমরা প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী প্রণয়ন এবং নিরপেক্ষভাবে উপস্থাপনের জন্য ব্যবহৃত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে বিবেচনায় নেই যাতে করে পরিস্থিতি অনুসারে আমরা যথাযথ নিরীক্ষা পদ্ধতি প্রণয়ন করতে পারি; উল্লেখ্য, প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কতটা কার্যকর সে বিষয়ে আমাদের মতামত প্রকাশের জন্য আমরা তা বিবেচনায় নেই না। প্রতিষ্ঠান যেসব হিসাবরক্ষণ নীতি অনুসরণ করে সেগুলোর যথার্থতা এবং প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যেসব হিসাবরক্ষণমূলক প্রাক্কলন প্রণয়ন করে সেগুলোর যুক্তিগ্রাহ্যতা মূল্যায়নও নিরীক্ষা কাজের অন্তর্ভুক্ত। সেই সাথে, নিরীক্ষায় আর্থিক বিবরণীসমূহের সার্বিক উপস্থাপনও মূল্যায়ন করা হয়।

আমরা বিশ্বাস করি, কোম্পানির আর্থিক বিবরণীসমূহ নিরীক্ষার জন্য যেসব প্রমাণাদি আমরা পেয়েছি সেগুলো আমাদের প্রদত্ত নিরীক্ষা মতামতের ভিত্তি গঠনে যথেষ্ট ও যথার্থ।

মতামত

আমাদের মতে, বাংলাদেশ আর্থিক মান অনুযায়ী প্রতিবেদনসমূহ (BFRS) প্রস্তুতকৃত আর্থিক বিবরণীসমূহ এবং কনসলিডেটেড আর্থিক বিবরণীসমূহ ২০১১ সালের ৩১শে ডিসেম্বর অবধি এবং সে সময়ের মধ্যে সমাপ্ত বছরের কোম্পানীর কার্যক্রম ও নগদ প্রবাহের ফলাফলের আলোকে প্রাপ্ত কোম্পানী এবং ইহার সাবসিডিয়ারীর বিষয়ক অবস্থার একটি সত্য এবং নিরপেক্ষ প্রতিবেদন এবং এই বিবরণী কোম্পানী আইন ১৯৯৪, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ নীতি ১৯৮৭ এবং প্রযোজ্য অন্যান্য আইন ও বিধি মোতাবেক প্রস্তুত করা হয়েছে।

আমাদের প্রতিবেদনে আরো উল্লেখ করছি যে,

১. আমাদের সর্বোচ্চ জ্ঞান ও বিশ্বাস অনুযায়ী আমাদের নিরীক্ষাকার্যের জন্যে যে সমস্ত তথ্যাদি ও ব্যাখ্যাসমূহ আবশ্যক ছিল, আমরা সেগুলো পুরোপুরি পেয়েছি এবং সেগুলোর সত্যতা যাচাই করে দেখেছি।
২. আমাদের মতে, আইন অনুযায়ী যে সমস্ত প্রয়োজনীয় হিসাবরক্ষণকার্যে ব্যবহৃত বই কোম্পানীর ইহার সাবসিডিয়ারীর থাকা আবশ্যক, আমাদের পরীক্ষায় দেখা গিয়েছে যে, সেগুলোর সবই কোম্পানীর রয়েছে।
৩. প্রতিবেদনে প্রকাশিত কোম্পানীর আর্থিক অবস্থার বিবরণ (ব্যালান্সশিট) এবং কমপ্রিহেনসিভ আয়ের বিবরণ (লাভ ও লোকসান)-এর বিবরণ, হিসাব ও বিবরণী বই-এর সাথে সামঞ্জস্যপূর্ণ; এবং
৪. যে অর্থ ব্যয় করা হয়েছে, তা কোম্পানীর এবং ইহার সাবসিডিয়ারী ব্যবসায়ের উদ্দেশ্যেই করা হয়েছে।

ঢাকা, ০৮ মার্চ ২০১২

রহমান রহমান হক
চার্টার্ড একাউন্ট্যান্টস

আর্থিক অবস্থার বিবরণ

		৩১শে ডিসেম্বর তারিখের	
		২০১১	২০১০
	টীকা	টাকা' ০০০	টাকা' ০০০
সম্পত্তিসমূহ			
যে সম্পত্তিসমূহ চলতি নহেঃ			
সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম	৫	১,২৩৮,৮৩৪	১,০৪৩,৫৫২
অস্থায়ী সম্পত্তিসমূহ	৬	৩,৬৭৬	৪,৭৬৬
সাবসিডিয়ারী কোম্পানীতে বিনিয়োগ	৭	২০	২০
মোট যে সম্পত্তিসমূহ চলতি নহে		**১,২৪২,৫৩০**	**১,০৪৮,৩৩৮**
চলতি সম্পত্তিসমূহঃ			
মজুদ সামগ্রী	৮	৬৫৭,৩১৫	৩৬১,৪৭৮
বাণিজ্যিক দেনাদারসমূহ	৯	১৮৬,৫৯৩	২০০,১০৩
অগ্রিম, জমা এবং আগাম পরিশোধ	১০	১৩৪,৪৮৬	১১৭,৬৪১
নগদ এবং নগদ সমতুল্যসমূহ	১১	৭৭৯,৩০৬	১,০৭৪,৪১৪
মোট চলতি সম্পত্তিসমূহ		**১,৭৫৭,৭০০**	**১,৭৫৩,৬৩৬**
মোট সম্পত্তিসমূহ		**৩,০০০,২৩০**	**২,৮০১,৯৭৪**
ইক্যুইটি ও দায়সমূহ			
শেয়ারহোল্ডারদের ইক্যুইটিঃ			
শেয়ার মূলধন	১২	১৫২,১৮৩	১৫২,১৮৩
পুনঃমূল্যায়ন বাবদ সংরক্ষণ		২০,১৭৪	২০,১৭৪
সাধারণ সংরক্ষিত তহবিল	১৩	১,৯৯৩,০৪৮	১,৮২৩,১৪১
মোট ইক্যুইটি		**২,১৬৫,৪০৫**	**১,৯৯৫,৪৯৮**
যে দায়সমূহ চলতি নহেঃ			
কর্মচারীদের কল্যাণ সুবিধাদি	১৪	৮৫,৫৩৮	১১৪,৩৯২
বিলম্বিত কর দায়সমূহ	১৫	৯২,৯৭৬	৬৪,৯৩৯
অন্যান্য যে দায়সমূহ চলতি নহে	১৬	১৭৩,৩৬৪	১৬৫,৬৪৬
মোট যে দায়সমূহ চলতি নহে		**৩৫১,৮৭৮**	**৩৪৪,৯৭৭**
চলতি দায়সমূহঃ			
বাণিজ্যিক পাওনাদার	১৭	৬৮,৭৯০	৫৯,৩৬০
খরচ বাবদ পাওনাদার এবং প্রদেয় খরচ	১৮	২১০,১৫৭	২০৬,৮০১
বিবিধ পাওনাদার	১৯	১১৫,১১১	৫৫,২৩৭
কর বরাদ্দ (নীট আগাম কর পরিশোধ)	২০	৮৮,৮৮৯	১৪০,১০১
মোট চলতি দায়সমূহ		**৪৮২,৯৪৭**	**৪৬১,৪৯৯**
মোট দায়সমূহ		**৮৩৪,৮২৫**	**৮০৬,৪৭৬**
মোট ইক্যুইটি এবং দায়সমূহ		**৩,০০০,২৩০**	**২,৮০১,৯৭৪**

১-৪০ পর্যন্ত সংযোজিত টীকাসমূহ আর্থিক বিবরণীর অবিচ্ছেদ্য অংশ।

ঢাকা, ০৮ মার্চ ২০১২

একই তারিখে আমাদের প্রতিবেদন অনুযায়ী

আইয়ুব কাদরি
সভাপতি

ইরফান এস মতিন
ব্যবস্থাপনা পরিচালক

এম নাজমুল হোসেন
কোম্পানী সচিব

রহমান রহমান হক
চার্টার্ড একাউন্ট্যান্টস

কমপ্রিহেনসিভ আয়ের বিবরণ

		২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের	
		২০১১	২০১০
	টাকা	টাকা' ০০০	টাকা' ০০০
রেভিনিউ	২১	৩,৭২৯,৭৫৪	৩,১৯৯,৩৭৫
বিক্রিত পণ্যের খরচ	২২	(২,২৭৯,৮০৬)	(১,৮৫৭,৫৩১)
মোট মুনাফা		**১,৪৪৯,৯৪৮**	**১,৩৪১,৮৪৪**
পরিচালনা ব্যয়	২৩	(৫৮২,৪১৫)	(৫২০,১৪১)
পরিচালনাসমূহ হতে মুনাফা		**৮৬৭,৫৩৩**	**৮২১,৭০৩**
অন্যান্য বাবদ আয়	২৪	২,০২৭	১৭,৬০২
সুদ বাবদ আয়, নীট	২৫	৭০,৫৭৬	৬৩,৯৫১
কর বরাদ্দ পূর্ব মুনাফা		**৯৪০,১৩৬**	**৯০৩,২৫৬**
কর বরাদ্দ	২৬	(২৫৮,৬২১)	(২৩৫,১৮৮)
এ বছরের নীট মুনাফা		**৬৮১,৫১৫**	**৬৬৮,০৬৮**
অন্যান্য কমপ্রিহেনসিভ আয়ঃ			
নির্ধারিত কল্যান প্ল্যানসমুহে একচুয়ারিয়াল আয়/(ক্ষতি)	১৪.১.৪	২১,০৩২	(১৩,৪৬৬)
এ বছরের অন্যান্য কমপ্রিহেনসিভ আয়/(ক্ষতি)		২১,০৩২	(১৩,৪৬৬)
এ বছরের মোট কমপ্রিহেনসিভ আয়		**৭০২,৫৪৭**	**৬৫৪,৬০২**
শেয়ারপ্রতি আয়ঃ			
শেয়ারপ্রতি মৌলিক আয় (টাকা ১০/=)	২৭.১	৪৪.৭৮	৪৩.৯০

১-৪০ পর্যন্ত সংযোজিত টীকাসমূহ আর্থিক বিবরণীর অবিচ্ছেদ্য অংশ।

ঢাকা, ০৮ মার্চ ২০১২

একই তারিখে আমাদের প্রতিবেদন অনুযায়ী

আইয়ুব কাদরি
সভাপতি

ইরফান এস মতিন
ব্যবস্থাপনা পরিচালক

এম নাজমুল হোসেন
কোম্পানী সচিব

রহমান রহমান হক
চার্টার্ড একাউন্ট্যান্টস

ইক্যুইটি পরিবর্তনের বিবরণ

	২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের			
	শেয়ার মূলধন	পূনঃমূল্যায়ন খাত	সংরক্ষিত তহবিল	মোট
	টাকা' ০০০	টাকা' ০০০	টাকা' ০০০	টাকা' ০০০
১লা জানুয়ারী ২০১০-এর উদ্বৃত্ত	১৫২,১৮৩	২০,১৭৪	১,৬৬৬,১৭৭	১,৮৩৮,৫৩৪
লভ্যাংশ প্রদান	-	-	(৪৯৭,৬৩৮)	(৪৯৭,৬৩৮)
এ বছরের মোট কমপ্রিহেনসিভ আয়ঃ				
এ বছরের মুনাফা	-	-	৬৬৮,০৬৮	৬৬৮,০৬৮
অন্যান্য কমপ্রিহেনসিভ আয়/(ক্ষতি)	-	-	(১৩,৪৬৬)	(১৩,৪৬৬)
৩১শে ডিসেম্বর ২০১০-এর উদ্বৃত্ত	**১৫২,১৮৩**	**২০,১৭৪**	**১,৮২৩,১৪১**	**১,৯৯৫,৪৯৮**
লভ্যাংশ প্রদান	-	-	(৫৩২,৬৪০)	(৫৩২,৬৪০)
এ বছরের মোট কমপ্রিহেনসিভ আয়ঃ				
এ বছরের মুনাফা	-	-	৬৮১,৫১৫	৬৮১,৫১৫
অন্যান্য কমপ্রিহেনসিভ আয়/(ক্ষতি)	-	-	২১,০৩২	২১,০৩২
৩১শে ডিসেম্বর ২০১১-এর উদ্বৃত্ত	**১৫২,১৮৩**	**২০,১৭৪**	**১,৯৯৩,০৪৮**	**২,১৬৫,৪০৫**

নগদ অর্থ প্রবাহের বিবরণ

		২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের	
		২০১১	২০১০
	টীকা	টাকা' ০০০	টাকা' ০০০
পরিচালনা কর্মকান্ড থেকে নগদ প্রবাহ			
বিক্রয় হতে গ্রহণ		৩,৭৪৩,২৬৪	৩,১৫৩,৬৮১
অন্যান্য গ্রহণ/(প্রদান)		১৭,৯৯৯	(৩,২১৬)
মালামাল, সেবা এবং পরিচালনা ব্যয় সরবরাহের জন্য প্রদান		(৩,০২০,৫২৬)	(২,২৯৯,৬৯৮)
নীট সুদ গ্রহণ		৬৭,১৫১	৭১,৭২৯
আয়কর প্রদান	২০	(২৮১,৭৯৬)	(২৩০,৮২২)
		৫২৬,০৯২	**৬৯১,৬৭৪**
বিনিয়োগ কর্মকান্ড থেকে নগদ প্রবাহ			
* সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম একীভুত বাবদ প্রদান		(৩১৯,৮৯৫)	(২৬০,৪০৮)
একীভুত অস্থায়ী সম্পত্তিসমূহের প্রদান	৬	(৫২১)	(৪৯৮)
সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম বিক্রয়লব্ধ টাকা	৩২	৪,৪৫৬	২৪,৪২৪
		(৩১৫,৯৬০)	**(২৩৬,৪৮২)**
আর্থিক কর্মকান্ড থেকে নগদ প্রবাহ			
সাবসিডিয়ারী কোম্পানীকে প্রদান		(৪৩)	(১৫)
লভ্যাংশ প্রদান		(৫০৫,১৯৭)	(৪৯৭,৬৩৮)
		(৫০৫,২৪০)	**(৪৯৭,৬৫৩)**
আলোচ্য বছরে নীট নগদ বৃদ্ধি		(২৯৫,১০৮)	(৪২,৪৬১)
প্রারম্ভিক নগদ এবং নগদ সমতুল্যসমুহ		১,০৭৪,৪১৪	১,১১৬,৮৭৫
সমাপনী নগদ অবস্থা এবং নগদ সমতুল্যসমুহ	**১১**	**৭৭৯,৩০৬**	**১,০৭৪,৪১৪**
*** সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম একীভুত বাবদ প্রদান**			
চলতি বছরে সংযোজন	৫	৭৯৩,৭৯৩	৩৫২,৪৫১
নির্মাণাধীন ব্যয়ে মূলধন হতে স্থানান্তর	৫.১	(৪৬৪,১৬৮)	(৯২,০৪৩)
মুলধনী বিষয়ে ভেন্ডরদেরকে প্রদান	১৯	(৯,৭৩০)	-
		৩১৯,৮৯৫	**২৬০,৪০৮**

কনসলিডেটেড আর্থিক অবস্থার বিবরণ

		২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখের	
		২০১১	২০১০
	টীকা	টাকা' ০০০	টাকা' ০০০
সম্পত্তিসমূহ			
যে সম্পত্তিসমূহ চলতি নহেঃ			
সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম	৫	১,২৩৮,৮৩৪	১,০৪৩,৫৫২
অস্থায়ী সম্পত্তিসমূহ	৬	৩,৬৭৬	৪,৭৬৬
মোট যে সম্পত্তিসমূহ চলতি নহে		**১,২৪২,৫১০**	**১,০৪৮,৩১৮**
চলতি সম্পত্তিসমূহঃ			
মজুদ সামগ্রী	৮	৬৫৭,৩১৫	৩৬১,৪৭৮
বাণিজ্যিক দেনাদারসমূহ	৯	১৮৬,৫৯৩	২০০,১০৩
অগ্রিম, জমা এবং আগাম পরিশোধ	১০	১৩৪,৪৮৬	১১৭,৬৪১
নগদ এবং নগদ সমতুল্যসমূহ	১১(এ)	৭৭৯,৩০৪	১,০৭৪,৪১২
মোট চলতি সম্পত্তিসমূহ		**১,৭৫৭,৬৯৮**	**১,৭৫৩,৬৩৪**
মোট সম্পত্তিসমূহ		**৩,০০০,২০৮**	**২,৮০১,৯৫২**
ইক্যুইটি ও দায়সমূহ			
শেয়ারহোল্ডারদের ইক্যুইটিঃ			
শেয়ার মূলধন	১২	১৫২,১৮৩	১৫২,১৮৩
পুনঃমূল্যায়ন বাবদ সংরক্ষণ		২০,১৭৪	২০,১৭৪
সাধারণ সংরক্ষিত তহবিল	১৩(এ)	১,৯৯৩,৫২৪	১,৮২৩,৬৫৪
মোট ইক্যুইটি		**২,১৬৫,৮৮১**	**১,৯৯৬,০১১**
যে দায়সমূহ চলতি নহেঃ			
কর্মচারীদের কল্যান সুবিধাদি	১৪	৮৫,৫৩৮	১১৪,৩৯২
বিলম্বিত কর দায়সমূহ	১৫	৯২,৯৭৬	৬৪,৯৩৯
অন্যান্য যে দায়সমূহ চলতি নহে	১৬	১৭৩,৩৬৪	১৬৫,৬৪৬
মোট যে দায়সমূহ চলতি নহে		**৩৫১,৮৭৮**	**৩৪৪,৯৭৭**
চলতি দায়সমূহঃ			
বাণিজ্যিক পাওনাদার	১৭	৬৮,৭৯০	৫৯,৩৬০
খরচ বাবদ পাওনাদার এবং প্রদেয় খরচ	১৮(এ)	২০৯,৬৫৪	২০৬,২৬১
বিবিধ পাওনাদার	১৯	১১৫,১১১	৫৫,২৩৭
কর বরাদ্দ (নীট আগাম কর পরিশোধ)	২০(এ)	৮৮,৮৯৪	১৪০,১০৬
মোট চলতি দায়সমূহ		**৪৮২,৪৪৯**	**৪৬০,৯৬৪**
মোট দায়সমূহ		**৮৩৪,৩২৭**	**৮০৫,৯৪১**
মোট ইক্যুইটি এবং দায়সমূহ		**৩,০০০,২০৮**	**২,৮০১,৯৫২**

১-৪০ পর্যন্ত সংযোজিত টীকাসমূহ আর্থিক বিবরণীর অবিচ্ছেদ্য অংশ।

ঢাকা, ০৮ মার্চ ২০১২

একই তারিখে আমাদের প্রতিবেদন অনুযায়ী

আইয়ুব কাদরি
সভাপতি

ইরফান এস মতিন
ব্যবস্থাপনা পরিচালক

এম নাজমুল হোসেন
কোম্পানী সচিব

রহমান রহমান হক
চার্টার্ড একাউন্ট্যান্টস

কনসলিডেটেড কমপ্রিহেনসিভ আয়ের বিবরণ

		২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের	
		২০১১	২০১০
	টীকা	টাকা' ০০০	টাকা' ০০০
রেভিনিউ	২১	৩,৭২৯,৭৫৪	৩,১৯৯,৩৭৫
বিক্রিত পণ্যের খরচ	২২	(২,২৭৯,৮০৬)	(১,৮৫৭,৫৩১)
মোট মুনাফা		**১,৪৪৯,৯৪৮**	**১,৩৪১,৮৪৪**
পরিচালনা ব্যয়	২৩(এ)	(৫৮২,৪৫২)	(৫২০,১৮৫)
পরিচালনাসমূহ হতে মুনাফা		**৮৬৭,৪৯৬**	**৮২১,৬৫৯**
অন্যান্য বাবদ আয়	২৪	২,০২৭	১৭,৬০২
সুদ বাবদ আয়, নীট	২৫	৭০,৫৭৬	৬৩,৯৫১
কর বরাদ্দ পূর্ব মুনাফা		**৯৪০,০৯৯**	**৯০৩,২১২**
কর বরাদ্দ	২৬	(২৫৮,৬২১)	(২৩৫,১৯৩)
এ বছরের নীট মুনাফা		**৬৮১,৪৭৮**	**৬৬৮,০১৯**
অন্যান্য কমপ্রিহেনসিভ আয়ঃ			
নির্ধারিত কল্যান প্ল্যানসমুহে একচুয়ারিয়াল আয়/(ক্ষতি)	১৪.১.৪	২১,০৩২	(১৩,৪৬৬)
এ বছরের অন্যান্য কমপ্রিহেনসিভ আয়/(ক্ষতি)		২১,০৩২	(১৩,৪৬৬)
এ বছরের মোট কমপ্রিহেনসিভ আয়		**৭০২,৫১০**	**৬৫৪,৫৫৩**
শেয়ারপ্রতি আয়ঃ			
শেয়ারপ্রতি মৌলিক আয় (টাকা ১০/=)	২৭(এ)	৪৪.৭৮	৪৩.৯০

১-৪০ পর্যন্ত সংযোজিত টীকাসমূহ আর্থিক বিবরণীর অবিচ্ছেদ্য অংশ।

ঢাকা, ০৮ মার্চ ২০১২

একই তারিখে আমাদের প্রতিবেদন অনুযায়ী

আইয়ুব কাদরি
সভাপতি

ইরফান এস মতিন
ব্যবস্থাপনা পরিচালক

এম নাজমুল হোসেন
কোম্পানী সচিব

রহমান রহমান হক
চার্টার্ড একাউন্ট্যান্টস

কনসলিডেটেড ইক্যুইটি পরিবর্তনের বিবরণ

	২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের			
	শেয়ার মূলধন	পূনঃমূল্যায়ন খাত	সংরক্ষিত তহবিল	মোট
	টাকা' ০০০	টাকা' ০০০	টাকা' ০০০	টাকা' ০০০
১লা জানুয়ারী ২০১০-এর উদ্বৃত্ত	১৫২,১৮৩	২০,১৭৪	১,৬৬৬,৭৩৯	১,৮৩৯,০৯৬
লভ্যাংশ প্রদান	-	-	(৪৯৭,৬৩৮)	(৪৯৭,৬৩৮)
এ বছরের মোট কমপ্রিহেনসিভ আয়ঃ				
এ বছরের মুনাফা	-	-	৬৬৮,০১৯	৬৬৮,০১৯
অন্যান্য কমপ্রিহেনসিভ আয়/(ক্ষতি)	-	-	(১৩,৪৬৬)	(১৩,৪৬৬)
৩১শে ডিসেম্বর ২০১০-এর উদ্বৃত্ত	**১৫২,১৮৩**	**২০,১৭৪**	**১,৮২৩,৬৫৪**	**১,৯৯৬,০১১**
লভ্যাংশ প্রদান	-	-	(৫৩২,৬৪০)	(৫৩২,৬৪০)
এ বছরের মোট কমপ্রিহেনসিভ আয়ঃ				
এ বছরের মুনাফা	-	-	৬৮১,৪৭৮	৬৮১,৪৭৮
অন্যান্য কমপ্রিহেনসিভ আয়/(ক্ষতি)	-	-	২১,০৩২	২১,০৩২
৩১শে ডিসেম্বর ২০১১-এর উদ্বৃত্ত	**১৫২,১৮৩**	**২০,১৭৪**	**১,৯৯৩,৫২৪**	**২,১৬৫,৮৮১**

কনসলিডেটেড নগদ অর্থ প্রবাহের বিবরণ

		২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের	
		২০১১	২০১০
	টীকা	টাকা' ০০০	টাকা' ০০০
পরিচালনা কর্মকান্ড থেকে নগদ প্রবাহ			
বিক্রয় হতে গ্রহণ		৩,৭৪৩,২৬৪	৩,১৫৩,৬৮১
অন্যান্য গ্রহণ/(প্রদান)		১৭,৯৯৯	(৩,২১৬)
মালামাল, সেবা এবং পরিচালনা ব্যয় সরবরাহের জন্য প্রদান		(৩,০২০,৫৬৯)	(২,২৯৯,৭০৮)
নীট সুদ গ্রহণ		৬৭,১৫১	৭১,৭২৯
আয়কর প্রদান	২০(এ)	(২৮১,৭৯৬)	(২৩০,৮২৭)
		৫২৬,০৪৯	**৬৯১,৬৫৯**
বিনিয়োগ কর্মকান্ড থেকে নগদ প্রবাহ			
* সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম একীভুত বাবদ প্রদান		(৩১৯,৮৯৫)	(২৬০,৪০৮)
একীভুত অস্থায়ী সম্পত্তিসমূহের প্রদান	৬	(৫২১)	(৪৯৮)
সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম বিক্রয়লব্ধ টাকা	৩২	৪,৪৫৬	২৪,৪২৪
		(৩১৫,৯৬০)	**(২৩৬,৪৮২)**
আর্থিক কর্মকান্ড থেকে নগদ প্রবাহ			
লভ্যাংশ প্রদান		(৫০৫,১৯৭)	(৪৯৭,৬৩৮)
		(৫০৫,১৯৭)	(৪৯৭,৬৩৮)
আলোচ্য বছরে নীট নগদ বৃদ্ধি		(২৯৫,১০৮)	(৪২,৪৬১)
প্রারম্ভিক নগদ এবং নগদ সমতুল্যসমুহ		১,০৭৪,৪১২	১,১১৬,৮৭৩
সমাপনী নগদ অবস্থা এবং নগদ সমতুল্যসমুহ	**১১(এ)**	**৭৭৯,৩০৪**	**১,০৭৪,৪১২**
*** সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম একীভুত বাবদ প্রদান**			
চলতি বছরে সংযোজন	৫	৭৯৩,৭৯৩	৩৫২,৪৫১
নির্মাণাধীন ব্যয়ে মূলধন হতে স্থানান্তর	৫.১	(৪৬৪,১৬৮)	(৯২,০৪৩)
মুলধনী বিষয়ে ভেন্ডরদেরকে প্রদান	১৯	(৯,৭৩০)	-
		৩১৯,৮৯৫	**২৬০,৪০৮**

হিসাবের টীকাসমূহ

২০১১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

১. প্রতিবেদন প্রদানকারী প্রতিষ্ঠান

১.১ কোম্পানীর পরিচিতি

লিন্ডে বাংলাদেশ লিমিটেড শেয়ার বাজারের তালিকাভুক্ত একটি কোম্পানী এবং কোম্পানীজ এ্যাক্ট ১৯১৩-এর আওতায় ১৯৭৩ সালে বাংলাদেশে কার্যক্রম পরিচালনার জন্য অন্তর্ভূক্ত হয়। ১৯৭৬ সালে কোম্পানীটি শেয়ার বাজারের তালিকাভুক্ত একটি প্রতিষ্ঠানে পরিণত হয়। কোম্পানীটি ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (CSE) উভয়েরই শেয়ার বাজারের তালিকাভুক্ত একটি প্রতিষ্ঠান। এর নিবন্ধীকৃত কার্যালয়ের ঠিকানা হলো ২৮৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, বাংলাদেশ। শুরু হতেই লিন্ডে বাংলাদেশ লিমিটেড যুক্তরাজ্যের দ্য বিওসি গ্রুপ লিমিটেড এর একটি সাবসিডিয়ারী কোম্পানী। জার্মান কোম্পানী লিন্ডে এজি (Linde AG) যুক্তরাজ্যের দ্য বিওসি গ্রুপ লিমিটেড- এর সম্পূর্ণ মূলধনের অধিকারী।

২০১১ সালের ২০শে নভেম্বর থেকে গ্লোবাল প্রোগ্রাম হিসেবে সকল লিন্ডে কোম্পানীকে লিন্ডে ব্র্যান্ড- এর আওতায় আসার উদ্দেশ্যে বিওসি বাংলাদেশ লিমিটেড- এর নাম পরিবর্তন করে লিন্ডে বাংলাদেশ লিমিটেড করা হয়েছে। রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্ম- এ কোম্পানীর নাম পরিবর্তনের যাবতীয় কার্যক্রম নথিবদ্ধ করা হয়েছে।

১.২ ব্যবসার প্রকৃতি

কোম্পানীর কার্যক্রমের মধ্যে রয়েছে শিল্পজাত ও চিকিৎসা, গ্যাস, ওয়েল্ডিং সরঞ্জামাদি ও পণ্যসমূহ, এ্যানেসথেসিয়া ও সহায়ক সরঞ্জামাদি প্রস্তুত ও সরবরাহ করা। সিলিন্ডার ভাড়া ও গ্রাহকদের কর্মস্থলে ভ্যাকুয়াম ইনসুলেটেড ইভাপোরেটর স্থাপন কার্যক্রম হতেও কোম্পানী আয় করে থাকে।

২. প্রস্তুতের ভিত্তি

২.১ অনুসৃত বিধির বিবরণ

এই আর্থিক বিবরণীসমূহ (কনসলিডেটেড আর্থিক অবস্থার বিবরণসহ) চলমান নীতি অনুসরনে হিসাবরক্ষণ কার্যের বাংলাদেশী মান অনুযায়ী (BAS) এবং বাংলাদেশ আর্থিক মান অনুযায়ী প্রতিবেদনসমূহ (BFRS), এবং এই বিবরণী কোম্পানীর আইন ১৯৯৪, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ নীতি ১৯৮৭ এবং বাংলাদেশর প্রযোজ্য অন্যান্য আইন মোতাবেক প্রস্তুত করা হয়েছে।

২.২ আর্থিক বিবরণীসমূহের অনুমোদনের তারিখ

পরিচালকবৃন্দ এই আর্থিক বিবরণীসমূহ শেয়ারহোল্ডারদের জন্য ০৮ মার্চ ২০১২-এ অনুমোদন দান করেন।

২.৩ পরিমাপের ভিত্তি

চলমান নীতি অনুসরনে এই আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়েছে যাহা ঐতিহাসিক ব্যয় সংক্রান্ত কনভেনশন অনুযায়ী। এক্ষেত্রে পুনঃমূল্যায়নে অন্তর্ভুক্তির মাধ্যমে কোন কোন সম্পদ, প্ল্যান্ট ও সরঞ্জামাদি এবং পেনশন প্ল্যানকে সঠিক মূল্যায়নের ভিত্তিতে করার লক্ষে উপরোক্ত কনভেনশনের পরিবর্তিত ধরণ ব্যবহার করা হয়েছে।

২.৪ আর্থিক বিবরণীর উপস্থাপন এবং ব্যবহারিক মুদ্রা

এই আর্থিক বিবরণীসমূহ উপস্থাপন করা হয়েছে বাংলাদেশীয় মুদ্রায় (টাকা) যাহা কোম্পানীর ব্যবহারিক ও উপস্থাপন উভয়ই মুদ্রায়। বর্নিত ব্যাতিত এই আর্থিক বিবরণীসমূহের সংখ্যাগুলি নিকটতম হাজার টাকার হিসাবের অংক দেখানো হয়েছে।

২.৫ আনুমানিক হিসাবাদি ও বিবেচনাসমূহের (judgements) ব্যবহার

আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতের লক্ষে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে হিসাবরক্ষণ নীতিমালা প্রয়োগের পাশাপাশি সম্পদ, দায়, আয় ও ব্যয়সমূহের প্রতিবেদিত পরিমানকে প্রভাবিত করে এমন ধরনের বিবেচনা আনুমানিক হিসাব ও ধারণাকে কাজে লাগাতে হয়। আনুমানিক হিসাবাদি এবং তৎসম্পর্কিত ধারণাসমূহ ঐতিহাসিক অভিজ্ঞতা এবং অন্যান্য বিভিন্ন ধরনের নিয়ামকের উপর নির্ভর করে যেগুলো পরিস্থিতির বিচারে যৌক্তিক হিসাবে ধরা হয়; এই ধরনের অভিজ্ঞতা ও নিয়ামকের ফলাফল অন্যান্য উৎস হতে তাৎক্ষনিকভাবে আলাদা করা যায় না এমন ধরনের সম্পদ ও দায়সমূহের পরিবাহী মূল্য সম্বন্ধে বিবেচনা করার ভিত্তি গঠন করে। এই ধরনের আনুমানিক হিসাবাদি হতে প্রকৃত ফলাফলসমূহ ভিন্ন হতে পারে।

আনুমানিক হিসাবাদি এবং গুরুত্বপূর্ণ ধারণাসমূহ চলমান ভিত্তিতে পুনর্বিবেচনা করা হয়। হিসাবরক্ষণ বিষয়ক আনুমানিক হিসাবাদি পুনর্বিবেচনা বিষয়টি ঐ সময়ের জন্য গণ্য করা হয় যে সময়ের মধ্যে আনুমানিক হিসাবাদি পুনর্বিবেচনা করা হয়, যদি এ পুনর্বিবেচনা কেবলমাত্র সেই সময়কে, অথবা যদি উক্ত পুনর্বিবেচনা চলতি ও ভবিষ্যত উভয় সময়কেই প্রভাবিত করে, সেক্ষেত্রে পুনর্বিবেচনার সময়ে ও ভবিষ্যত সময়ে প্রভাবিত করে।

বিশেষ করে, আর্থিক বিবরণীসমূহে স্বীকৃত পরিমানের উপর সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রভাব রেখেছে এমন ধরনের হিসাবরক্ষণ নীতিমালা প্রয়োগের ক্ষেত্রে আনুমানিক হিসাব ও বিবেচনাসমূহের গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলো সম্বন্ধে তথ্য নিম্নলিখিত টীকাসমূহে বর্ণনা করা হয়েছেঃ

টীকা ৯.১	সন্দেহজনক দেনাবাবদ বরাদ্দ
টীকা ১৪.২	গ্র্যাচুইটিবাবদ বরাদ্দ
টীকা ১৫	বিলম্বিত কর দায়সমূহ
টীকা ১৮	খরচ বাবদ পাওনাদার ও প্রদেয় খরচ
টীকা ২০	কর বরাদ্দ

২.৬ প্রতিবেদনের সময়

কোম্পানীর আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়েছে এক বছরের, যাহা জানুয়ারী মাসের ১ তারিখ হতে ডিসেম্বর মাসের ৩১ তারিখ পর্যন্ত সময়ের।

৩. গুরুত্বপূর্ণ হিসাবরক্ষণ নীতিমালা

আর্থিক বিবরণীসমূহে উপস্থাপিত সকল সময়ের ক্ষেত্রে নিম্নে প্রদত্ত হিসাবরক্ষণ নীতিমালাসমূহ সঙ্গতিপূর্ণভাবে প্রয়োগ করা হয়েছে।

৩.১ বৈদেশিক মুদ্রা

বৈদেশিক মুদ্রাকে টাকায় রূপান্তর করা হয় লেনদেনের দিনের হার অনুযায়ী। আর্থিক সম্পদ এবং দেনাগুলো পুনঃপরিবর্তিত হয় প্রতিবেদনের তারিখের মুদ্রার হার অনুযায়ী। আর্থিক বিনিময়ের তারিখে বিনিময়ের হার ব্যবহার করে অর্থসংশ্লিষ্ট নয় এমন সম্পদ ও দায়সমূহের ব্যাপারে প্রতিবেদন প্রদান করা হয়। মুদ্রার রূপান্তরের পার্থক্যকে কমপ্রিহেনসিভ বিবরন হিসাব-এ আয় অথবা ব্যয় হিসাবে দেখানো হয়।

৩.২ সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জাম

৩.২.১ স্বীকৃতি ও পরিমাপ

লাখেরাজ ভূমি, লাখেরাজ দালান এবং ইজারাকৃত দালান ব্যতিরেকে সম্পত্তি, প্ল্যান্ট, ও সরঞ্জাম পুঞ্জিভূত অবচয় ও অকার্যকারিতাপ্রসূত (impairment) পুঞ্জিভূত ক্ষয়ক্ষতি বাবদ ব্যয়, যদি থাকে, তা বাদ দিয়ে পরিমাপ করা হয়। লাখেরাজ ভূমি পুনর্মূল্যায়িত পরিমান হিসাবে পরিমাপ করা হয়। লাখেরাজ দালান এবং ইজারাকৃত দালানসমূহ পুঞ্জিভূত অবচয় ব্যতিরেকে পুনর্মূল্যায়িত পরিমান হিসেবে পরিমাপ করা হয়। কোন সম্পত্তি, প্ল্যান্ট ও সরঞ্জাম বাবদ ব্যয় বলতে বোঝায় এর ক্রয়মূল্য, আমদানি শুল্ক ও অফেরতযোগ্য করসমূহ (ট্রেড ডিসকাউন্ট ও রিবেটসমূহ বাদ দেয়ার পর) এবং সম্পত্তিসমূহকে প্রত্যাশিতভাবে পরিচালনা করার লক্ষে যে ধরনের লোকেশন ও অবস্থা আবশ্যক সে ধরনের লোকেশন ও অবস্থায় সম্পত্তিটি আনয়ন বাবদ প্রত্যক্ষ যে কোন ব্যয়।

৩.২.২ পরবর্তীকালীন ব্যয়সমূহ

যদি এমন হয় যে, কোন সম্পত্তি, প্ল্যান্ট বা সরঞ্জামাদির কোন অংশের ভবিষ্যত অর্থনৈতিক সুবিধা কোম্পানী পাবে এবং এর ব্যয় নির্ভরযোগ্য উপায়ে পরিমাপ করা যাবে, সেক্ষেত্রে উক্ত সম্পত্তি, প্ল্যান্ট বা সরঞ্জামাদির প্রতিস্থাপনীয় বা উন্নয়ন অংশটি বাবদ ব্যয় এর চলতি মূল্যের মধ্যে গণ্য করা হবে। কোন সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জামাদির দৈনন্দিন রক্ষণাবেক্ষণ বাবদ ব্যয় কমপ্রিহেনসিভ আয়ের বিবরন বিষয়ক হিসাবাদির মধ্যে গণ্য করা হয়।

৩.২.৩ অবচয়

লিন্ডে বাংলাদেশ লিমিটেড সকল সম্পত্তি, প্ল্যান্ট ও সরঞ্জামের জন্য প্রযোজ্য সেবা অবচয় বিষয়ক কনভেনশনে (service depreciation convention) উল্লেখিত মাস ব্যবহার করে।

এই কনভেনশন ব্যবহার করার মাধ্যমে যে মাসে সম্পত্তিটি সেবা প্রদানের জন্য চালু করা হয় সেই মাস থেকে অবচয় শুরু হয়; এক্ষেত্রে মাসের কোন দিবসে সম্পত্তিটি সেবা প্রদানের জন্য চালু করা হয়েছে তা গণ্য করা হয় না। সকল ক্রয়কৃত আইটেমকে সেবা প্রদানের জন্য চালু করতে হবে এবং যে মাসে এগুলোকে ব্যবহার করা শুরু হয় সে মাস হতে এদের অবচয় হিসাব করতে হবে। কোন আইটেম বিক্রয় করা হলে, যে মাসে বিক্রয় করা হয়েছে তার অব্যবহিত পূর্বের মাস অবধি অবচয় মূল্য আরোপ করা হয়।

লাখেরাজ জমি অথবা নির্মাণাধীন মূলধনী ব্যয় এর উপর অবচয় নির্ধারণ করা হয়নি। অন্যান্য সকল সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জামের ক্ষেত্রে সুষম ভিত্তিতে অবচয় নির্ধারণ করা হয়েছে। সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জামের শ্রেণী অনুযায়ী অবচয়ের হার বাস্তবিক গণনার ভিত্তিতে বিভিন্নভাবে প্রতিয়মান হয়েছে। বর্তমান ও তুলনামূলক বছরের বাস্তবিক গণনার ভিত্তিতে নিম্নে নির্ধারণ করা হয়েছে যাহা ঃ

	বছর ২০১১	বছর ২০১০
লাখেরাজ দালান	৪০	৪০
প্ল্যান্ট, যন্ত্রপাতি এবং সিলিন্ডার (স্টোরেসট্যাংক এবং ভ্যাকুয়াম ইনসুলেটেড ইভাপোরেটরসহ)	১০-২০	১০-২০
মোটরগাড়ি	৫	৫
আসবাবপত্র এবং সাজসরঞ্জাম	৫-১০	৫-১০
কম্পিউটার হার্ডওয়্যার	৫	৫

৪০ বছর কম সময়ের জন্য ইজারাকৃত ভবনের মূল্য ইজারা বা লীজের সময়ব্যাপী অবচয় হয়ে থাকে।

৩.২.৪ বিক্রয়ের উপর লাভ বা লোকসান

বিক্রয়ের উপর লাভ বা লোকসান নির্নিত হয়ে থাকে পরিবাহী মূল্য ও বিক্রয়লব্ধ অর্থের তুলনামুলক নীট হিসাবের ভিত্তিতে।

৩.৩ অস্থায়ী (intangible) সম্পত্তিসমূহ

৩.৩.১ স্বীকৃতি এবং পরিমাপ

অস্থায়ী সম্পত্তিসমূহ দেনা পরিশোধ বাবদ পুঞ্জীভূত অর্থ সঞ্চয় ও পুঞ্জীভূত অকার্যকারিতারপ্রসূত (impairment) ক্ষয়ক্ষতি, যদি থাকে, তা ব্যতিরেকে ব্যয় হিসেবে পরিমাপ করা হয়। যখন BAS ৩৮ঃ অস্থায়ী সম্পত্তিসমূহ শীর্ষক মানদন্ড অনুযায়ী স্বীকৃতির সকল শর্তাবলী পূরণ করা হয়, তখন অস্থায়ী সম্পত্তিসমূহের স্বীকৃতি প্রদান করা হয়। অস্থায়ী সম্পত্তিসমূহ বাবদ ব্যয় বলতে বোঝায় এর ক্রয়মূল্য, আমদানি শুল্ক ও অফেরতযোগ্য করসমূহ এবং এই সম্পত্তির প্রত্যাশিত ব্যবহারের লক্ষ্যে সম্পত্তিটি প্রস্তুত করা বাবদ যেকোন প্রত্যক্ষ ব্যয়।

৩.৩.২ পরবর্তীকালীন ব্যয়

পরবর্তী ব্যয়ের সুবিধা গ্রহণ করা যায় কেবল তখনই যখন এমন সম্ভাবনা থাকে যে, উক্ত অংশে নিহিত ভবিষ্যৎ অর্থনৈতিক সুফলসমূহ কোম্পানীর অনুকূলে আসবে এবং এর ব্যয় নির্ভরযোগ্যভাবে পরিমাপ করা যাবে। ব্যয় আরোপিত হওয়ার পর অন্যান্য সকল ব্যয় কমপ্রিহেনসিভ আয়ের বিবরণী হিসাবে খাতায় দেখানো হয়।

৩.৩.৩ দেনা পরিশোধ বাবদ অর্থ সঞ্চয় (amortisation)

এন্টারপ্রাইজ রিসোর্চ প্ল্যান (ERP) সফটওয়্যার এবং অন্যান্য সফটওয়্যারসমূহ বাবদ অর্থ পরিশোধের হার সরাসরি পদ্ধতিতে ছিল যথাক্রমে ১২.৫০% এবং ২৫%। দেনা পরিশোধ বাবদ অর্থ সঞ্চয় দেখানো হয়েছে কমপ্রিহেনসিভ আয়ের বিবরণী হিসাবে।

৩.৪ ইজারাকৃত সম্পত্তি

যেসব লীজের সুবাদে কোম্পানী সকল ধরনের ঝুঁকি মালিকানাস্বত্বের অধিকারী হয়, সেসব লীজ বা ইজারা আর্থিক ইজারার শ্রেণীভূক্ত। প্রাথমিক স্বীকৃতির পর ইজারাকৃত সম্পত্তিটি এর ন্যায্য মূল্য অপেক্ষা কম মূল্য এবং ইজারা বাবদ পরিশোধনীয় অর্থের বর্তমান মূল্য বিবেচনা করে পরিমাপ করা হয়। প্রাথমিক স্বীকৃতির পরে উক্ত সম্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য হিসাবরক্ষণ নীতিমালা অনুযায়ী সম্পত্তিটির হিসাব করা হয়।

অন্যান্য ইজারাগুলো হলো কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ইজারা এবং এদেরকে কোন সম্পত্তি, প্ল্যান্ট বা সরঞ্জাম হিসেবে গণ্য করা হয় না। কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ইজারার আওতায় গৃহীত অগ্রিম টাকার অর্থ অগ্রিম পরিশোধ হিসেবে দেখানো হয়।

৩.৫ আর্থিক দলিলাদি

কোনো আর্থিক দলিল হলো সেই চুক্তি, যে চুক্তির বলে কোনো প্রতিষ্ঠানের আর্থিক সম্পদ ও আর্থিক দায় বা ইক্যুইটি অন্য কোনো প্রতিষ্ঠানের সম্পদ ও আর্থিক দায় বা ইক্যুইটিতে পরিণত হয়।

৩.৫.১ আর্থিক সম্পদ

যে তারিখে কোম্পানির পাওনা (receivables) ও জমার (deposits) উৎপত্তি ঘটে কোম্পানি প্রাথমিকভাবে সেগুলোকে সে তারিখে পাওনা ও জমা হিসেবে স্বীকৃতি দেয়। অন্যান্য সকল আর্থিক সম্পদের ক্ষেত্রে, কোম্পানি যে তারিখে সেগুলোর লেনদেন সংক্রান্ত চুক্তির বিধানাবলীর পক্ষ হয় সে তারিখে প্রাথমিকভাবে সেগুলো আর্থিক সম্পদ হিসেবে স্বীকৃত হয়।

পক্ষান্তরে, কোম্পানি কোনো আর্থিক সম্পদের উপর থেকে সেই তারিখে আর্থিক সম্পদের স্বীকৃতি প্রত্যাহার করে নেয় যে তারিখে ঃ চুক্তি থেকে উদ্ভূত কোম্পানির অধিকারের অথবা চুক্তির অধীনে থাকা সম্পদ থেকে কোম্পানির নগদ অর্থ প্রবাহ পাওয়ার সম্ভাবনার পরিসমাপ্তি ঘটে; কিংবা কোম্পানি কোনো লেনদেনে কোনো আর্থিক সম্পদ থেকে চুক্তি জনিত নগদ অর্থ প্রবাহ পাওয়ার অধিকার হস্তান্তর করে, যে লেনদেনে আর্থিক সম্পদসমূহের মালিকানা জনিত সকল ঝুঁকি ও প্রতিদান (rewards) প্রকৃত প্রস্তাবে হস্তান্তরিত হয়ে যায়।

আর্থিক সম্পদের অন্তর্ভূক্ত নগদ অর্থ ও নগদ অর্থের সমতূল্য এবং বানিজ্যিক দেনাদার।

(ক) নগদ অর্থ ও নগদ অর্থের সমতূল্য

নগদ অর্থ ও নগদ অর্থের সমতূল্যসমূহের অন্তর্গত হলো, কোম্পানির তহবিলে থাকা নগদ অর্থ, ব্যাংকে থাকা নগদ অর্থ এবং মেয়াদ পূর্ণ হতে ৩ মাস বা তার কম সময় বাকী থাকা স্থায়ী আমানতসমূহ, যা কোনো প্রতিবন্ধকতা ছাড়াই কোম্পানির ব্যবহারের জন্য পাওয়া যাবে।

(খ) বাণিজ্যিক দেনাদার

গ্রাহককে মালামাল সরবরাহ করা বা সেবা প্রদান করা বাবদ তার নিকট থেকে কোম্পানির যে অর্থ পাওনা হয় তা-ই ব্যবসায়িক ও অন্যান্য পাওনা (trade and other receivables)। সরবরাহকৃত মালামাল বা প্রদত্ত সেবার জন্য যে ব্যয়মূল্যকে মালামাল বা সেবার বিনিময়ে ন্যায্য মূল্যমান হিসেবে বিবেচনা করা হয় সেই ব্যয়মূল্যকে প্রাথমিকভাবে ব্যবসায়িক ও অন্যান্য পাওনা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। প্রাথমিক স্বীকৃতির পর, এই ব্যয়মূল্য থেকে সরবরাহকৃত মালামাল বা প্রদত্ত সেবা থেকে ক্ষতিগ্রস্ত হওয়া অংশ বাদ যাওয়ার কারণে গ্রাহকের নিকট থেকে যে পরিমাণ অর্থ কম পাওয়া যাবে তা বাদ দিয়ে সরবরাহকৃত মালামাল বা প্রদত্ত সেবার যে অর্থমূল্য নির্ধারিত হবে তা-ই ব্যবসায়িক ও অন্যান্য পাওনা হিসেবে কোম্পানির পাওনা হবে।

৩.৫.২ আর্থিক দায়

অতীতে সংঘটিত কোনো ঘটনার ফলে যখন কোম্পানির জন্য কোনো চুক্তি জনিত দায় নিশ্চিতরূপে প্রতীয়মান হয় এবং যার নিষ্পত্তির ফলস্বরূপ কোম্পানি থেকে অন্যের কাছে অর্থনৈতিক সুফল প্রদানকারী সম্পদ হস্তান্তরের নিশ্চিত সম্ভাবনা সৃষ্টি হয় তখনই কোম্পানির জন্য একটি আর্থিক দায় সৃষ্টি হয়েছে বলে স্বীকৃত হয়। যে লেনদেন তারিখে কোম্পানি দায় সংক্রান্ত চুক্তির বিধানাবলীর পক্ষ হয় সে তারিখেই দায় সৃষ্টি হয়েছে বলে কোম্পানি প্রাথমিকভাবে স্বীকার করে নেয়।

যখন কোম্পানি তার চুক্তির আওতাধীন দায়সমূহ পরিহার বা বাতিল করে বা এ সংক্রান্ত দায় বহনের মেয়াদ শেষ হয়ে যায়, তখন কোম্পানি আর্থিক দায়সমূহ পূরণ করতে অস্বীকৃতি জানায়। বাণিজ্যিক পাওনাদার, খরচ বাবদ পাওনাদার এবং প্রদেয় খরচ, বিবিধ পাওনাদার এবং অন্যান্য যে দায়সমূহ চলতি নয় এমন আর্থিক দায়সমূহের অন্তর্ভূক্ত।

৩.৬ মজুদ সামগ্রী

ব্যয় ও আনুমানিক হিসাবকৃত নীট মুনাফাযোগ্য মূল্যের অপেক্ষাকৃত কম হিসেবে পণ্যের মজুদসমূহ পরিমাপ করা হয় (পরিবাহী পণ্য বাদে)। পণ্যের মজুদসমূহের ব্যয় পরিমাপ করা

হয় ওজনভিত্তিক গড় ব্যয় ফর্মুলা ব্যবহার করে এবং পণ্যের মজুদের ব্যয়ের মধ্যে রয়েছে মজুদ সংগ্রহ বাবদ ব্যয়, উৎপাদন বা রূপান্তর বাবদ ব্যয় এবং বিদ্যমান লোকেশন ও অবস্থায় এগুলোকে আনয়ন বাবদ অন্যান্য ব্যয়। নীট মুনাফাযোগ্য মূল্য বলতে বোঝায় সমাপ্ত বাবদ আনুমানিক ব্যয় ও বিক্রয় বাবদ ব্যয়সমুহ ব্যতিরেকে সাধারন ব্যবসার ধারায় আনুমানিক বিক্রয়মূল্য।

পণ্যের মজুদসমূহ কাঁচামাল, প্রস্তুতকৃত (finished) পণ্যাদি, পরিবাহী পণ্য এবং রক্ষণাবেক্ষণের কাজে আবশ্যক বাড়তি যন্ত্রাংশ নিয়ে গঠিত।

৩.৭ ইমপেয়ারমেন্ট (impairment)

পণ্যাদি ও আসবাবের মজুত ব্যাতিরেকে কোম্পানীর সম্পত্তিসমূহের মূল্যের ক্ষেত্রে ইমপেয়ারমেন্ট-এর কোন লক্ষণ রয়েছে কিনা তা নির্ধারণ করার জন্য প্রত্যেক প্রতিবেদন প্রদানের তারিখে এগুলো পর্যালোচনা করা হয়। যদি এ ধরনের আলামত পাওয়া যায়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট সম্পত্তিসমূহের পুনরুদ্ধারের উপযোগী ইমপেয়ারমেন্ট-এর আনুমানিক হিসাব বের করা হয়। যদি কোন সম্পত্তির বা এর নগদ অর্থ বৃদ্ধিকারী ইউনিটের চলতি মূল্য উক্ত সম্পত্তির পুনরুদ্ধারযোগ্য মূল্য অপেক্ষা বেশী হয় তা ইমপেয়ারমেন্ট লোকসান হিসেবে ধরা হয়। ইমপেয়ারমেন্ট লোকসান যদি হয়, সেগুলো কমপ্রিহেনসিভ আয়ের বিবরণী হিসাবে দেখানো হয়।

৩.৮ বরাদ্দসমূহ

অতীত ইভেন্টের ফলাফলের কারণে কোম্পানীর কোনো আইনগত বা গঠনমূলক বাধ্যবাধকতা থাকায় আর্থিক অবস্থার বিবরনে একটি বরাদ্দ ব্যবস্থাকে স্বীকৃতি দেওয়া হয়েছে, সেক্ষেত্রে সম্ভাবনা রয়েছে যে, এই বাধ্যবাধকতার নিষ্পত্তির জন্য আর্থিক সুফলের একটি বহিঃপ্রবাহ প্রয়োজন এবং বাধ্যবাধকতার পরিমাণের একটি নির্ভরযোগ্য আনুমানিক হিসাব করা যেতে পারে।

৩.৯ সম্ভাব্য ব্যয়

দাবী, মামলা ইত্যাদি থেকে উদ্ভূত সম্ভাব্য ব্যয় রেকর্ড রাখা হয়, যখন এমন সম্ভাবনা থাকে যে এতে একটি দায় আরোপিত হয়েছে এবং এর পরিমান যৌক্তিকভাবে পরিমাপ করা যেতে পারে।

৩.১০ আয়কর

আয়করের খরচ বিন্যস্ত করা হয়েছে বর্তমান এবং বিলম্বিত করের সহিত। আয়করের খরচ কমপ্রিহেনসিভ আয়ের বিবরণী হিসাবে দেখানো হয়েছে।

৩.১০.১ বর্তমান কর

আলোচ্য বছরের জন্য করযোগ্য আয়ের উপর যে প্রত্যাশিত কর প্রদান করতে হয় সেই করই হলো বর্তমান কর, যা প্রতিবেদনের তারিখে আইন কর্তৃক অনুমোদিত বা প্রকৃত অর্থে আইনসিদ্ধ কর হার অনুযায়ী প্রদেয়। কোম্পানীটি "পাবলিকলি ট্রেডেড কোম্পানী" হিসেবে যোগ্যতর বিবেচিত। আয়করের হার চলতি বছরে ২৪.৭৫% হারে বরাদ্দ করা হয়েছে। এ ক্ষেত্রে ঘোষিত লভ্যাংশ পরিশোধিত মূলধনের ২০% এর বেশি হওয়ায় ১০% কর রেয়াত পাওয়া গিয়েছে। ২০১১ সালের অর্থ অধ্যাদেশ অনুযায়ী এই কর বরাদ্দের হার নির্ধারন করা হয়েছে।

ফিন্যান্স এ্যাক্ট ২০১১ অনুযায়ী কোম্পানিকে কোন নির্দিষ্ট বছরে সকল উৎস হতে প্রাপ্ত কোম্পানির মোট আয়ের পরিমাণের ০.৫ শতাংশ হারে প্রদেয় ন্যূনতম কর সাপেক্ষে কোম্পানির জন্য প্রযোজ্য হারে কর প্রদান করতে হবে। যেহেতু আলোচ্য বছরে কোন উৎস হতে সাবসিডিয়ারি কোম্পানির কোন আয় ছিল না, সেক্ষেত্রে সাবসিডিয়ারির জন্য কোন কর প্রদান করা হয়নি।

৩.১০.২ বিলম্বিত কর

আর্থিক প্রতিবেদন তৈরির জন্য সম্পদ এবং দায়সমূহের চলতি পরিমান এবং শুল্কায়নের জন্য ব্যবহৃত পরিমানের মধ্যে সাময়িক পার্থক্য তৈরি করার মাধ্যমে BAS-১২ঃ আয়করের, পদ্ধতি ব্যবহার করে বিলম্বিত কর বিবেচনা করা হয়। বিলম্বিত কর করের হারসমূহের আলোকে পরিমাপ করা হয়, যা সাময়িক পার্থক্যসমূহ বিপরীতভাবে প্রতিভাত হওয়ার প্রেক্ষিতে প্রয়োগ করার প্রত্যাশা করা হয়; এক্ষেত্রে যে সমস্ত আইন প্রণীত হয়েছে বা প্রতিবেদন প্রদানের তারিখ দ্বারা বাস্তবিকভাবে প্রণীত হয়েছে সে সমস্ত আইনের উপর ভিত্তি করে বিলম্বিত কর পরিমাপ করা হয়। বিলম্বিত করারোপিত সম্পদ এবং দায়সমূহের সমতা বিধান করা হয় যদি চলতি করারোপিত দায় ও সম্পদসমূহের সমতা বিধান করার লক্ষে আইনগতভাবে প্রয়োগযোগ্য অধিকার থাকে এবং যদি সেগুলো একই ধরনের কর প্রদানযোগ্য প্রতিষ্ঠানে একই কর কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত আয়করসমূহের সাথে সম্পর্কিত থাকে।

একটি বিলম্বিত করারোপিত সম্পত্তি ঐ সীমা অবধি স্বীকৃত হয় যাতে, এমন সম্ভাবনা থাকে যে, ভবিষ্যতে যে করযোগ্য মুনাফাসমূহ পাওয়া যাবে তার বিপরীতে কর্তনযোগ্য সাময়িক পার্থক্য কাজে লাগানো যেতে পারে। বিলম্বিত করারোপিত সম্পত্তিসমূহ প্রত্যেক প্রতিবেদন প্রদানের তারিখে পূনর্বিবেচনা করা হয় এবং এগুলো এমন সীমা অবধি হ্রাস করা হয় যার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর বিষয়ক মুনাফা আর বাস্তবায়ন করার সম্ভাবনা থাকবে না।

৩.১১ শ্রমিকদের মুনাফা অংশীদারিত্ব তহবিল (WPPF)

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ অনুযায়ী শ্রমিকদের মুনাফা অংশগ্রহণমূলক তহবিল বা WPPF বাবদ এই ধরনের ব্যয় আরোপ করার পূর্বে কোম্পানী এর মুনাফার ৫% যোগান দেয়।

৩.১২ কর্মচারীদের কল্যান সুবিধাদি

কোম্পানী-এর যোগ্য স্থায়ী কর্মকর্তা-কর্মচারির জন্য নির্ধারিত অংশগ্রহণমূলক প্ল্যান (defined contribution plan) এবং নির্ধারিত কল্যান প্ল্যান (defined benefit plan) উভয়ই পরিচালনা করেন। যেখানে প্রযোজ্য, জাতীয় রাজস্ব বোর্ড (NBR) কর্তৃক অনুমোদিত স্ব স্ব দলিলসমূহে বর্ণিত শর্তাবলী অনুযায়ী যোগ্যতা নির্ধারণ করা হয়।

৩.১২.১ নির্ধারিত অংশগ্রহণমূলক প্ল্যান (provident fund বা ভবিষ্যৎ তহবিল)

নির্ধারিত অংশগ্রহণমূলক প্ল্যান হলো কর্মসংস্থান প্রদানোত্তর একটি বেনিফিট বা কল্যান প্ল্যান যার আওতায় কোম্পানী এর সকল স্থায়ী কর্মকর্তা-কর্মচারির জন্য বেনিফিট বা কল্যানের ব্যবস্থা করে। স্বীকৃত কর্মকর্তা-কর্মচারিদের ভবিষ্যৎ তহবিল নির্ধারিত অংশগ্রহণমূলক প্ল্যান হিসেবে বিবেচিত হয়ে আসছে। কারণ, এটি এই উদ্দেশ্য পূরণের জন্য নির্ধারিত স্বীকৃতিমূলক ক্রাইটেরিয়া বা মানদন্ডসমূহ পূরণ করে। সকল স্থায়ী কর্মকর্তা-কর্মচারি তাদের মূল বেতনের ১২.৫% ভবিষ্যৎ তহবিলে প্রদান করেন এবং কোম্পানীও সমপরিমান অর্থ প্রদানের মাধ্যমে এই তহবিল গঠনে অংশগ্রহণ করে।

যখন কোম্পানীতে কর্মরত ব্যক্তি অংশগ্রহণমূলক তহবিলের বিনিময়ে সেবা প্রদান করে থাকেন, তখন কোম্পানী কর্তৃক নির্ধারিত অংশগ্রহণমূলক পরিকল্পনা তহবিলে অর্থ প্রদান ব্যয় হিসেবে গণ্য করা হয়। এক্ষেত্রে কোম্পানী তহবিলে যে পরিমাণ অর্থ প্রদান করতে সম্মত সে ব্যাপারে আইন এবং গঠনমূলক বাধ্যবাধকতার ভূমিকা সীমিত।

৩.১২.২ নির্ধারিত কল্যান প্ল্যানসমুহ

৩.১২.২.১ আনুতোষিক স্কীম

কোম্পানী তার স্থায়ী কর্মকর্তা-কর্মচারিদের জন্য একটি তহবিল বিহীন আনুতোষিক স্কীম বা গ্র্যাচুইটি স্কীম পরিচালনা করে যার আওতায় একজন কর্মকর্তা বা কর্মচারি তার চাকুরিকালীন সময় এবং সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের উপর নির্ভর করে ভাতাসমূহ প্রাপ্তির অধিকার লাভ করেন। কোম্পানী এর সকল যোগ্য কর্মকর্তা-কর্মচারির জন্য প্রতিবেদন তারিখ মোতাবেক সর্বাধিক অর্থ সুবিধা প্রদানের ব্যবস্থাসমূহ গণনা করে। ২০০৭ সালের পর হতে এই প্ল্যানের জন্য কোন একচুয়ারিয়াল মূল্যায়ন করা হয়নি। অবশ্য, যেহেতু গ্র্যাচুইটি বাবদ অর্থ পরিশোধের ক্ষেত্রে তেমন কোন উল্লেখযোগ্য অনিশ্চয়তা বা আনুমানিক হিসাবাদি নেই, সেহেতু ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এই মর্মে বিবেচনা করেন যে, একচুয়ারিয়াল মূল্যায়ন করা হলে এতে যদি কোন পার্থক্য পরিলক্ষিত হয় তা ততটা গুরুত্বপূর্ণ হিসাবে প্রতিভাত হবে না।

৩.১২.২.২ অবসর-ভাতা স্কীম (pension scheme)

কোম্পানী এর ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের জন্য পেনশন স্কীম পরিচালনা করে। ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের মধ্যে যাদের চাকুরির বয়স দশ বছর হয়েছে, তারা অবসর-ভাতা বা পেনশন বেনিফিট স্কীমের সুবিধা ভোগ করবেন।

পেনশন স্কিম হলো একটি সংজ্ঞায়িত অবসরকালীন কল্যাণ সুবিধা পরিকল্পনা, যার অধীনে কর্মচারীদেরকে অবসরকালীন কল্যাণ সুবিধা হিসেবে প্রদেয় অর্থের পরিমাণ তাদের আয় ও চাকুরির বয়স অনুযায়ী নির্ধারিত হয়। পেনশন তহবিল 'স্বীকৃতির মানদন্ড' (recognition criteria) অনুসারে গঠিত বলে তাকে একটি সংজ্ঞায়িত কল্যাণ সুবিধা পরিকল্পনা হিসেবে

বিবেচনা করা হয়ে থাকে। এ ক্ষেত্রে কোম্পানির দায় হলো, তহবিলের শর্ত অনুযায়ী কোম্পানির বর্তমান ও প্রাক্তন কর্মচারীদেরকে সম্মত কল্যাণ সুবিধা প্রদান করা।

সংজ্ঞায়িত কল্যাণ সুবিধা সংক্রান্ত দায়সমূহের বর্তমান মূল্যমান এবং পেনশন পরিকল্পনার অধীনে থাকা সম্পদসমূহের ন্যায্য মূল্যমান পেশাদার অ্যাকচুয়ারি দ্বারা নির্ধারণ করা হয়ে থাকে। প্রজেক্টেড ইউনিট ক্রেডিট (পিইউসি) পদ্ধতির সাহায্যে সংজ্ঞায়িত কল্যাণ সুবিধা সংক্রান্ত দায়সমূহের এবং সংশ্লিষ্ট বর্তমান ও অতীত চাকুরি মূল্যের (service cost) বর্তমান মূল্যমান পরিমাপ করা হয় এবং এ ক্ষেত্রে কর্মচারীদের জনমিতিক ও আর্থিক চালকসমূহ (demographic and financial variables) পারস্পরিকভাবে সমর্থিত / সঙ্গতিপূর্ণ প্রাসঙ্গিক অ্যাকচুয়ারিয়াল পূর্বানুমানসমূহের (actuarial assumptions) ভিত্তিতে নির্ধারণ করা হয়ে থাকে। অবসরকালীন কল্যাণ সুবিধা পরিকল্পনার অধীনে থাকা সম্পদসমূহের ন্যায্য মূল্যমান এবং এ সংক্রান্ত দায়সমূহের বর্তমান মূল্যমানের ব্যবধানকে আর্থিক অবস্থার বিবরণীতে বাস্তব অবস্থা অনুসারে দায় বা সম্পদ হিসেবে প্রদর্শন করা হয়ে থাকে।

যে হারে চাকুরি পরবর্তী কল্যাণ সুবিধা সংক্রান্ত দায়সমূহ ডিসকাউন্ট করা হয় তা (সেই হার) ট্রেজারি বিলের উপর আর্থিক অবস্থা বিবরণী তৈরির তারিখে বিদ্যমান থাকা বাজার মূল্যের (market yields) নিরিখে নির্ধারিত হয়। বাজার প্রত্যাশার (market expectation) উপর ভিত্তি করে পেনশন পরিকল্পনার অধীনে থাকা সম্পদসমূহের প্রত্যাশিত মুনাফা পরিমাপ করা হয়। সামগ্রিক আয় বিবরণীতে প্রদর্শিত মোট ব্যয়ের অন্তর্গত অংশগুলো হচ্ছে, বর্তমান চাকুরি বাবদ ব্যয় (current service cost), সুদ বাবদ ব্যয় এবং পেনশন পরিকল্পনার অধীনে থাকা সম্পদসমূহের উপর প্রত্যাশিত মুনাফা। কোম্পানির নীতি হলো, অ্যাকচুয়ারিয়াল লাভ বা লোকসান ঘটার পর অবিলম্বে তা পূর্ণাঙ্গভাবে অন্যান্য কমপ্রিহেনসিভ আয়ের বিবরণীতে প্রদর্শন করা।

৩.১২.৩ স্বল্প-মেয়াদী কর্মচারীদের কল্যান সুবিধাদি

স্বল্প মেয়াদি কর্মচারী কল্যাণ সুবিধা সংক্রান্ত দায়সমূহকে আনডিসকাউন্টেড ভিত্তিতে পরিমাপ করা হয় এবং সংশ্লিষ্ট সেবা বাবদ ব্যয় হিসেবে দেখানো হয়। সারা বছরে কর্মচারীদের যে ছুটি জমা হয় তা তাদের ভোগ করার বিধান থাকলেও তারা তা গ্রহণ করেন না। প্রত্যেক কর্মচারীদের সর্বশেষ প্রাপ্ত মূল বেতন ও অব্যবহৃত ছুটির ভিত্তিতে এই ভাতার ব্যবস্থা করা হয়।

৩.১৩ আয় বিষয়ক স্বীকৃতি

৩.১৩.১ পণ্যসমূহ বিক্রয় হতে প্রাপ্ত আয়

৩.১৩.১.১ বিক্রিত পণ্যসমূহ

গৃহীত বা গৃহীতব্য বিবেচনার নিরপেক্ষ মূল্য, রিটার্ণ ও ভাতা ও বাণিজ্য বিষয়ক ডিসকাউন্টসমূহের মোট পরিমান অনুযায়ী পণ্যাদির বিক্রয় হতে আয় পরিমাপ করা হয়। আয় স্বীকৃত হয় যখন ক্রেতার নিকট মালিকানা বিষয়ক গুরুত্বপূর্ণ ঝুঁকি এবং প্রাপ্তিসমূহ স্থানান্তরিত হয়, বিবেচনাসমূহ পুনরুদ্ধারের সম্ভাবনা থাকে, পণ্যের সংশ্লিষ্ট ব্যয় ও সম্ভাব্য রিটার্ন নির্ভরযোগ্যভাবে আনুমানিক হিসাব করা যায়, পণ্যের ক্ষেত্রে কোন অব্যাহত ব্যবস্থাপনা বিষয়ক সম্পৃক্ততা থাকে না এবং আয়ের পরিমান নির্ভরযোগ্যভাবে পরিমাপ করা যায়। সাধারণত পণ্য তালিকার পাশাপাশি পণ্যের সরবরাহের সময় এগুলো সাধিত হয়।

৩.১৩.১.২ বিক্রয় সরবরাহ হতে নগদ প্রাপ্তি

যখন বিক্রেতা কর্তৃক পণ্য ডেলিভারী দেয়া হয় এবং নগদ অর্থ গ্রহণ করা হয়, তখন আয় স্বীকৃত হয়।

৩.১৩.২ সেবাসমূহ

প্রদত্ত সেবাসমূহ হতে প্রাপ্ত আয় প্রতিবেদন প্রদানের তারিখে লেনদেন সমাপ্ত হওয়ার পর্যায় অনুপাতে কমপ্রিহেনসিভ আয়ের বিবরণী নির্দেশক হিসাবে স্বীকৃত হয়। সিলিন্ডার ভাড়া নগদ অর্থের ভিত্তিতে ব্যাপকভাবে স্বীকৃত হয়।

৩.১৩.৩ কমিশন

যখন কোন লেনদেনের ক্ষেত্রে কোম্পানী প্রিন্সিপাল না হয়ে বরং একটি এজেন্ট হিসেবে কাজ করে, তখন কোম্পানী কর্তৃক গৃহীতব্য কমিশনের নীট পরিমাণ হিসেবে আয় স্বীকৃত হয়।

৩.১৪ ফাইন্যান্স আয় ও খরচসমূহ

ফাইন্যান্স বিষয়ক আয় বলতে বিনিয়োগকৃত তহবিল হতে প্রাপ্ত সুদ বাবদ আয় বোঝায়। সুদ বাবদ আয় ক্রমবর্ধিষ্ণু হিসাবের ভিত্তিতে স্বীকৃত হয়।

ফাইন্যান্স বিষয়ক ব্যয় বলতে ওভার ড্রাফটজনিত সুদ বাবদ ব্যয়, ফিন্যান্স লীজ এবং ব্যাংক চার্জসমূহ বোঝায়। ফাইন্যান্স বিষয়ক সকল ব্যয় কমপ্রিহেনসিভ আয়ের বিবরণী বিষয়ক হিসাবে স্বীকৃত হয়।

৩.১৫ আর্থিক বিবরণীসমূহের কনসলিডেশন

বাংলাদেশ অক্সিজেন লিমিটেড লিন্ডে বাংলাদেশ লিমিটেড এর পুরোপুরি অধিকৃত একটি সাবসিডিয়ারী কোম্পানী। লিন্ডে বাংলাদেশ লিমিটেড সাবসিডিয়ারী কোম্পানীর সত্তাকে নিয়ন্ত্রণ করে।

বাংলাদেশ হিসাবরক্ষণ নীতিমালার (BAS) ২৭নং (কনসলিডেটেড এবং পৃথক আর্থিক বিবরণীসমূহ) বিধি অনুযায়ী সাবসিডিয়ারী কোম্পানীর আর্থিক বিবরণীসমূহ কোম্পানীর আর্থিক বিবরণীর সাথে একত্রিত করা হয়েছে। আন্তঃগ্রুপ ব্যালেন্সেস এবং আন্তঃগ্রুপ লেন-দেন হতে উদ্ভূত অহস্তান্তরিত আয় ও ব্যয়সমূহ একত্রীকৃত আর্থিক বিবরণী প্রস্তুতের ক্ষেত্রে সম্পুর্নভাবে বাদ দেয়া হয়েছে।

৩.১৬ শেয়ারপ্রতি আয়

কোম্পানী তার সাধারণ শেয়ারের জন্য শেয়ারপ্রতি মৌলিক আয়-এর (EPS) ডাটা উপস্থাপন করেছে।

৩.১৬.১ শেয়ারপ্রতি মৌলিক আয়

সাধারন শেয়ারহোল্ডাদের অর্জিত আয় বা লোকসান (কর পরবর্তী নীট মুনাফা) এবং এ বছরের বকেয়া ওয়েটেড এভারেজ সাধারণ শেয়ারের সংখ্যার সহিত বিভাজনের মাধ্যমে শেয়ারপ্রতি মৌলিক আয় (EPS) নির্ধারিত হয়।

৩.১৭ নগদ অর্থ প্রবাহের বিবরণ

সরাসরি ভিত্তিতে পরিচালনা কর্মকান্ড থেকে নগদ অর্থ প্রবাহ উপস্থাপিত হয়েছে।

৩.১৮ প্রতিবেদন তারিখের পরবর্তী ইভেন্টসমূহ

প্রতিবেদন তারিখের পরবর্তী ইভেন্টসমূহ, যা প্রতিবেদন তারিখে কোম্পানীর অবস্থা সম্বন্ধে বাড়তি তথ্য প্রদান করে, সেই ইভেন্টসমূহ আর্থিক বিবরণীসমূহে প্রতিফলিত হয়েছে। প্রতিবেদন তারিখের পরবর্তী ম্যাটেরিয়াল ইভেন্টসমূহ, যেগুলো এ্যাডজাস্টিং ইভেন্ট নয়, সেগুলি প্রকাশ করা হয়েছে যা টীকা ৪০-এ দেখানো হয়েছে।

৪. আর্থিক ঝুঁকি ব্যবস্থাপনা

কোম্পানির ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো প্রতিষ্ঠা ও দেখাশোনা করার সার্বিক দায়-দায়িত্ব কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তায়। কোম্পানির ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা গঠন করা হয় যাতে কোম্পানির যেসব ঝুঁকির মুখোমুখি হয় সেগুলো শনাক্ত করা ও বিশ্লেষণ করা যায়, যথাযথ ঝুঁকির সীমা ও নিয়ন্ত্রণ পদ্ধতি নির্ধারণ করা যায় এবং ঝুঁকি পরিবীক্ষণ করা ও ঝুঁকির সীমা মেনে চলা যায়। বাজার পরিস্থিতি ও কোম্পানি কার্যক্রমের পরিবর্তন তুলে ধরার লক্ষ্যে ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা ও পদ্ধতিসমূহ নিয়মিতভাবে পর্যালোচনা করা হয়। আর্থিক দলিলাদি ব্যবহার হেতু কোম্পানির নিম্নোক্ত ঝুঁকিসমূহের মুখে পড়ার সম্ভাবনা রয়েছে ঃ

- বাকীতে বিক্রির ঝুঁকি (credit risk)
- তারল্য ঝুঁকি (liquidity risk)
- বাজার ঝুঁকি (market risk)

এই টীকাতে যেসব তথ্য উপস্থাপন করা হয়েছে সেগুলো হলো ঃ কোম্পানির উপরোক্ত প্রতিটি ঝুঁকির মুখে পড়া সংক্রান্ত তথ্য; ঝুঁকি পরিমাপ ও ব্যবস্থাপনার জন্য কোম্পানির যেসব উদ্দেশ্য, নীতি ও কর্ম-প্রক্রিয়া রয়েছে সেগুলো সম্পর্কিত তথ্য; এবং কোম্পানির মূলধন ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য।

৪.১ বাকীতে বিক্রির ঝুঁকি (credit risk)

কোম্পানির কোনো গ্রাহক বা কোম্পানির আর্থিক দলিলের কোনো প্রতিপক্ষ তার চুক্তির দায়সমূহ পূরণে ব্যর্থ হলে কোম্পানি যে আর্থিক লোকসানের ঝুঁকির মুখে পড়ে তা-ই হলো বাকীতে বিক্রির ঝুঁকি।

প্রধানত গ্রাহকদের বৈশিষ্ট্যসমূহ কোম্পানির বাকীতে বিক্রির ঝুঁকির শিকার হওয়ার ক্ষেত্রে প্রধান ভূমিকা পালন করে থাকে, যেসব বৈশিষ্ট্যের অন্তর্গত হলো শিল্পের default ঝুঁকি ও গ্রাহকের আর্থিক ক্ষমতা। এসব উপাদান কোম্পানির জন্য বাকীতে বিক্রির ঝুঁকি সৃষ্টিতে অবদান রাখতে পারে। কোনো বিশেষ ভৌগোলিক এলাকায় বাকীতে বিক্রির ঝুঁকির আধিক্য নেই।

কোম্পানির ডেটরস ম্যানেজমেন্ট রিভিউ কমিটি (Debtors Management Review Committee) একটি 'বাকীতে বিক্রির নীতি' (Credit Policy) প্রণয়ন করেছে। কোম্পানির মূল্য পরিশোধ ও সরবরাহ সংক্রান্ত শর্তাবলী (payment and delivery terms & conditions) প্রস্তাব করার পূর্বে বাকীতে বিক্রি সংক্রান্ত এই নীতির অধীনে প্রত্যেক নতুন গ্রাহককে তার বাকীতে ক্রয়যোগ্যতার (creditworthiness) নিরিখে ব্যক্তিগতভাবে বিশ্লেষণ করে দেখা হয়। প্রত্যেক গ্রাহকের জন্য credit limit বা বাকীতে বিক্রির সীমা নির্ধারণ করা হয়। কোনো গ্রাহকের জন্য বাকীতে বিক্রির সীমা দ্বারা কমিটির অনুমোদন চাওয়া ছাড়াই বাকীতে মুক্তভাবে সেই গ্রাহকের নিকট সর্বোচ্চ যে পরিমাণ পণ্য বিক্রি করা যেতে পারে তা নির্দেশ করা হয়। গ্রাহকদের জন্য বাকীতে বিক্রির সীমা বছরে কমপক্ষে একবার পর্যালোচনা করা হয়। যেসব গ্রাহক কোম্পানি কর্তৃক নির্ধারিত Benchmark Creditworthiness বা বাকীতে বিক্রির সর্বোচ্চ সীমা অনুসরণে ব্যর্থ হয় সেসব গ্রাহক কোম্পানির সাথে কেবলমাত্র নগদ প্রদান / অগ্রিম নগদ জমা ভিত্তিতে লেনদেন করতে পারে।

অনাদায়ী বকেয়া (doubtful debts) নিষ্পত্তির জন্য কোম্পানি একটি 'অনাদায়ী বকেয়া নিষ্পত্তি নীতি' (provision policy) প্রণয়ন করেছে। এই নীতির আলোকে trade debtors বা ব্যবসায়িক দেনাদারদের দেনা বাবদ কোম্পানির লোকসানের হিসাব পাওয়া যাবে। কোম্পানি ৯০ দিনের মেয়াদোত্তীর্ণ ব্যবসায়িক দেনাদারদের ৫০% দেনা এবং ১৮০ দিনের মেয়াদোত্তীর্ণ ব্যবসায়িক দেনাদারদের ১০০% দেনার নিষ্পত্তির বিধান করেছে।

